


# আরডিএ নিউজলেটার

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর সাময়িকী

খন্ড ২৬ । সংখ্যা ০১ । জুন ২০২২

www.rda.gov.bd


## আরডিএ, বগুড়ায় যথাযোগ্য মর্যাদায় ৫২তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

আরডিএ, বগুড়ায় গত ২৬ মার্চ ২০২২ তারিখে যথাযোগ্য মর্যাদায় ৫২তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। ১৯৭১ সালের এই দিন বাংলাদেশের স্বাধীনতা ঘোষিত হয়েছিল। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর নেতৃত্বে দীর্ঘ নয় মাস ব্যাপী আন্দোলন ও সংগ্রামের স্ফুলিঙ্গে উজ্জীবিত সশস্ত্র জনযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত হয় স্বাধীনতার ইতিহাস।



*২৬ মার্চ, ২০২২ তারিখে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার পক্ষ থেকে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার পক্ষ থেকে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়। এর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে একাডেমির প্রশাসনিক ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৮:০০ টায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এ সময় আরো উপস্থিত ছিলেন (*২৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য*)

## পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়িত রংপুরের ‘পল্লী জনপদ’ ভবনের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী

গত ১৬ জুন, ২০২২ তারিখে সকাল ১০টায় গণভবন থেকে ভার্চুয়াল প্লাটফর্মে যুক্ত হয়ে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়িত রংপুরের পল্লী জনপদ ভবন উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।




*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৬ জুন, ২০২২ তারিখে গণভবন থেকে ভার্চুয়াল প্লাটফর্মে যুক্ত হয়ে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়িত রংপুরের পল্লী জনপদ ভবন শুভ উদ্বোধন করেন।*

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য এমপির সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাপার্ড গোপালগঞ্জ কোটালীপাড়া প্রান্তে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মো. তাজুল ইসলাম এমপি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব জনাব মো. মশিউর রহমান এনডিসি।

এ সময় বাপার্ড প্রান্তে আরও যুক্ত ছিলেন বাপার্ড বোর্ডের সিনিয়র উপদেষ্টা জনাব শেখ কবির হোসেন ও বাপার্ডের মহাপরিচালক জনাব সৈয়দ রবিউল আলমসহ অন্যান্য উচ্চপদস্থ ব্যক্তিবর্গ।

রংপুরে পল্লী জনপদ প্রান্তে যুক্ত ছিলেন ‘পল্লী জনপদ’ প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠান পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ, জেলা প্রশাসক, রংপুর, পুলিশ সুপার, রংপুর, সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক, প্রকল্পের সুফলভোগীগণসহ অন্যান্য জনপ্রতিনিধি ও স্থানীয় ব্যক্তিবর্গ।

বাংলাদেশের মতো জনবহুল দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি জমি সংরক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে। বাংলাদেশে কৃষি জমি ব্যবহার করে যত্রতত্র শিল্প প্রতিষ্ঠান স্থাপন এবং ঘরবাড়ি নির্মাণ করায় কৃষি জমি প্রতি বছর এক শতাংশ হারে হ্রাস পাচ্ছে। কৃষিজমি রক্ষার্থে কার্যকর উপায় হিসেবে আধুনিক নাগরিক সুযোগ-সুবিধা সম্পন্ন সমবায়ভিত্তিক পল্লী জনপদ প্রকল্পের আওতায় বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়। এই উদ্যোগটি (*৭ম পৃঃ দ্রঃ*)

## আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা




*গত ২৬-২৮ মে ২০২২ মেয়াদে বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, ঢাকায় অনুষ্ঠিত তিন দিন ব্যাপী 'আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা ২০২২' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ।*

# ১০ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা ২০২২ অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং লিমরা ট্রেড ফেয়ারস এন্ড এক্সিবিশনস প্রাইভেট লিমিটেড, ঢাকার যৌথ উদ্যোগে গত ২৬-২৮ মে, ২০২২ মেয়াদে তিন দিন ব্যাপী '১০ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা ২০২২' বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, কুড়িল, ঢাকায় অনুষ্ঠিত হয়।

মেলার প্রথম দিনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

মেলায় দেশি-বিদেশি কারখানায় উৎপাদিত কৃষি যন্ত্রপাতি, বিদেশ থেকে আমদানিকৃত কৃষি যন্ত্রপাতি, খাদ্য প্রক্রিয়াকরণ যন্ত্রপাতি, দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াকরণ যন্ত্রপাতি, কৃষিপণ্য, নবায়নযোগ্য জ্বালানি শক্তি, উদ্যান ফসলের উন্নয়ন প্রযুক্তি, সৌর বিদ্যুৎ, বায়োগ্যাস ও ডিজেলচালিত জেনারেটর, সেচ পাম্প, গবাদি পশু-পাখির খাদ্য ও পুষ্টি উৎপাদন প্রযুক্তির প্রদর্শনী ছাড়াও আরডিএ উদ্ভাবিত বিভিন্ন মডেল ও কৃষি প্রযুক্তিসমূহের প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

এবারের মেলায় বাংলাদেশ, ভারত, চীন, জাপান, দক্ষিণ কোরিয়া, ইতালি, স্পেন, নেদারল্যান্ডস, জার্মানি, কানাডা, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, তাইওয়ান, ফ্রান্স, পোল্যান্ড, তুরস্ক, ইন্দোনেশিয়া, সুইজারল্যান্ডসহ বিশ্বের মোট ১৮টি দেশের কৃষিপণ্য ও যন্ত্রপাতি প্রদর্শন ও বিক্রয় করা হয় ।



*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার, ঢাকায় অনুষ্ঠিত '১০ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা ২০২২' অংশগ্রহণকারীদের সাথে মত বিনিময় করছেন।*



*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার, ঢাকায় অনুষ্ঠিত '১০ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলায় বিভিন্ন স্টল ঘুরে দেখেন।*

## জাতীয় দিবস/সেমিনার




*গত ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখে বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী ও মুজিব বর্ষের শপথ গ্রহণ অনুষ্ঠান যথাযথ মর্যাদায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়*

# বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী ও মুজিব বর্ষের শপথ গ্রহণ অনুষ্ঠান





গত ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখে বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী ও মুজিব বর্ষের শপথ গ্রহণ অনুষ্ঠান যথাযথ মর্যাদায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় পালিত হয়। বিজয় দিবসের এ মাহেন্দ্রক্ষণে জাতীয়ভাবে সম্প্রচারিত ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক পরিচালিত শপথ গ্রহণের অনুষ্ঠানটিতে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ এর নেতৃত্বে একাডেমির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের শিক্ষক ও শিক্ষার্থী, আরডিএতে চলমান বিসিএস ক্যাডার কর্মকর্তাদের ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের ১৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীরা অংশগ্রহণ করেন।



*গত ০৪ নভেম্বর, ২০২২ তারিখে আরডিএ, বগুড়ার অডিটোরিয়ামে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম*

# পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

গত ০৪ নভেম্বর, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক সেমিনার আরডিএ, বগুড়ার অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম। বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক ড. মো. গিয়াসউদ্দিন মিয়া, উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এবং অধ্যাপক ড. এম. কামরুজ্জামান, উপাচার্য, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর। এতে আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ, পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী ড. শামসুল আলম বলেন বঙ্গবন্ধুর লালিত স্বপ্ন, ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়তে বঙ্গবন্ধুর হাতে গড়া আরডিএ নিরলসভাবে কাজ করছে। আরডিএ দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম বিষয়ে প্রায়োগিক গবেষণা করছে। এর মাধ্যমে এসডিজি, ভিশন ২০২১, ভিশন ২০৪১ ও ডেল্টাপ্লানের বাস্তবরূপ দিতে বিশেষ ভূমিকা পালন করবে। সেমিনার আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করেন যুগ্মপরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক। অনুষ্ঠানে একাডেমির অনুষদ সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত শিক্ষকবৃন্দ, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান থেকে আগত অতিথিবৃন্দ, গবেষক, বিশেষজ্ঞসহ একাডেমির সকল কর্মকর্তা ও কর্মচারী যথাযথ স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত ছিলেন।

## জাতীয় দিবস

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দিন ব্যাপী অনুষ্ঠানমালা



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযথ মর্যাদায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় পালিত হয়। দিবসটি উপলক্ষে গত ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিফলকে পুস্পস্তবক অর্পণ করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এ সময়ে একাডেমির সকল পরিচালক, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধিগণ, অনুষদ সদস্যগণ, স্কুল এন্ড কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

দিন ব্যাপী অনুষ্ঠানমালার অংশ হিসেবে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ মাঠে মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ জাতীয় পতাকা উত্তোলন, আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্যারেড, কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং সালাম গ্রহণ করেন। এরপর "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও একাডেমির উপপরিচালক জনাব শেখ শাহরিয়ার মোহাম্মদ। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। আলোচনা অনুষ্ঠান শেষে, আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মনোমুগ্ধকর দলীয় নৃত্য ও ডিসপ্লে প্রদর্শন করা হয়।

প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়া শিক্ষার্থীদের "ভালো স্পশ, খারাপ স্পর্শ" বিষয়ে এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একাডেমির পল্লী প্রশাসন ও জেন্ডার বিভাগের উদ্যোগে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের শিশু অধিকার ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধিকরণে ব্যতিক্রমধর্মী পুতুল নাচের আয়োজন করা হয়। একাডেমির মহিলা ক্লাবের আয়োজনে সন্ধ্যায় আরডিএ মিলনায়তনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন ক্লাবের সভানেত্রী রুবিনা আক্তার। একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক গান, নৃত্য, কবিতা আবৃত্তি এবং নাটিকার মাধ্যমে মুক্তিযুদ্ধের ইতিহাস, তাৎপর্য এবং বাংলাদেশের স্বাধীনতাকে ফুটিয়ে তোলা হয়। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খলিল আহমদের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন একাডেমির সকল পরিচালক, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধিগণ, অনুষদ সদস্যগণ, স্কুল এন্ড কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ, বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন

গত ২১ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। সকাল ৬:৩৪ মিনিটে সূর্যোদয়ের সাথে সাথে একাডেমির প্রশাসনিক ভবনে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত) এর মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হয়। সকাল ৭:৩০ মিনিটে কালো ব্যাচ পরিধান ও স্কুল প্রাঙ্গণ থেকে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে অবস্থিত শহিদ মিনার পর্যন্ত প্রভাতফেরির আয়োজন করা হয়। সকাল ৭:৪৫ মিনিটে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ একাডেমির পক্ষ থেকে শহিদ মিনারে পুস্পস্তবক অর্পণ করেন। এরপর পর্যায়ক্রমে একাডেমির বিভিন্ন সংগঠনের সদস্যরা, চলমান বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ এবং পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের শিক্ষক, ছাত্র, অভিভাবকসহ সর্বস্তরের জনগণ শহিদ মিনারে মহান ভাষা শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এরপর একাডেমির শহিদ মিনারে মহান মাতৃভাষা দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোচনা সভা, বঙ্গবন্ধু অসমাপ্ত আত্মজীবনী হতে পাঠ, কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়।



*মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার প্রভাতফেরিতে সর্বস্তরের কর্মকর্ত-কর্মচারী ও স্কুলের শিক্ষর্থীবৃন্দ অংশগ্রহণ করেন*

সংক্ষিপ্ত বক্তব্যে আরডিএ মহাপরিচালক মহান ভাষা আন্দোলনের ঐতিহাসিক পটভূমি তুলে ধরার পাশাপাশি জাতীয় জীবনে এর গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন, ১৯৫২ সালের সাংস্কৃতিক আন্দোলনকে রাজনৈতিক আন্দোলনে রূপ দেন স্বাধীন বাংলাদেশের স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি আরো বলেন ভাষা আন্দোলনের মধ্যেই নিহিত ছিল বাঙালি জাতির স্বাধীনতার বীজ, এর মাধ্যমেই বিকশিত হয় বাঙালি জাতীয়তাবাদী চেতনার। এ সময় তিনি ভাষা শহীদ রফিক, সালাম, বরকত, জব্বার, শফিউরসহ একাত্তরের মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গ করা ৩০ লক্ষ শহিদ ও দুই লক্ষ মা-বোনের আত্মত্যাগের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। পরে মহাপরিচালক ভাষাশহিদ রিকশাচালক আব্দুল আওয়াল কে উৎসর্গ করে লেখা ভাষা আন্দোলন ভিত্তিক স্বরচিত কবিতা পাঠ করেন। পরবর্তীতে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের বাংলা বিভাগের সহকারী শিক্ষক জনাব হান্নান আরণ্যকের লেখা কাব্যগ্রন্থ 'নীল সুখের অভিসারে' গ্রন্থের মোড়ক উন্মোচন করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এরপর দুপুর ১:৩০ মিনিটে একাডেমি জামে মসজিদে শহিদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও দোয়া অনুষ্ঠিত হয়।

## সেমিনার

### ‘সম্ভাবনাময় চর : টেকসই পল্লী উন্নয়নে আরডিএ’ শীর্ষক সেমিনার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ঢাকাস্থ সিরডাপ মিলনায়তনে গত ২৭শে জুন, ২০২২ তারিখে দিন ব্যাপী ‘সম্ভাবনাময় চর : টেকসই পল্লী উন্নয়নে আরডিএ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো. মশিউর রহমান এনডিসি। সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব জনাব চন্দন কুমার দে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ রাশিদুল ইসলাম, অতিরিক্ত সচিব, ড. হুমায়রা সুলতানা, অতিরিক্ত সচিব, জনাব খলিল আহমদ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার, ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), জনাব মজিবুল হাসান সিজান, কান্ট্রি ডিরেক্টর, সুইসকন্টাক্ট বাংলাদেশ এবং মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের প্রতিনিধি ও চরের ৬ জন সুফলভোগীসহ প্রায় ১০০ জন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, প্রকল্প পরিচালক, এমফরসি ।



সেমিনারে প্রধান অতিথিসহ সকল আলোচক চরের উন্নয়নে আরডিএর কাজের প্রশংসা করেন এবং আগস্ট-সেপ্টেম্বরে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবসহ সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে এই ধরনের একটি সেমিনার আয়োজনের নির্দেশনা প্রদান করেন। আরডিএর মহাপরিচালক চরের কার্যক্রমকে গতিশীল করার জন্য পল্লী উন্নয়ন একাডেমীর চর ডেভেলপমেন্ট রিসার্চ সেন্টারের মাধ্যমে সকল বিভাগকে কাজ করার আহ্বান জানান এবং সবার সহযোগিতা কামনা করেন।

### ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’ শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ বিষয়ক মতবিনিময় সভা

গত ১১ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার উদ্যোগে কালশীমাটি দ্বিমুখী উচ্চ বিদ্যালয় মাঠে ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’ শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীকে স্মরণীয় করে রাখতে দারিদ্র্য বিমোচন ও আঞ্চলিক বৈষম্য হ্রাসকরণে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের উদ্যোগ ও ঐকান্তিক প্রচেষ্টায় একাডেমিতে “দারিদ্র্য মুক্ত মডেল গ্রাম” বিষয়ক প্রায়োগিক গবেষণা পরিচালিত হচ্ছে। এই গবেষণা কার্যক্রমে একাডেমির সকল কর্মকর্তা-কর্মচারী সক্রিয় অংশগ্রহণ করছেন।



*পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া’র উদ্যোগে গত ১১ই মার্চ ২০২২ তারিখে কালশীমাটি দ্বিমুখী উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’ শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ বিষয়ক মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন আরডিএ মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া, জনাব মো. মিজানুর রহমান পরিচালক (গবেষণা ও মূল্যায়ন), আরডিএ, বগুড়া, জনাব মো. খালিদ আওরংগজেব, পরিচালক (প্রশাসন), আরডিএ, বগুড়া,

জনাব মো. ময়নুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর উপজেলা, বগুড়া, জনাব মো. সামিদুল ইসলাম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শেরপুর উপজেলা, জনাব মো. তবিবর রহমান, চেয়ারম্যান, গাড়িদহ ইউনিয়ন পরিষদ, অন্যান্য ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। সভায় আরও উপস্থিত ছিলেন সকল অনুষদ সদস্য এবং কর্মচারীবৃন্দ।

উক্ত মতবিনিময় সভায় উপস্থিত প্রায় ৩০০ জন গ্রামবাসীকে আরডিএ, বগুড়ার মহাপরিচালক ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’ শীর্ষক প্রায়োগিক গবেষণার উদ্দেশ্য, কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে অবহিত করেন। উক্ত মতবিনিময় সভায় বহুমাত্রিক দারিদ্র্য সূচক (এমপিআই) সম্পর্কে একটি দৃশ্যকল্পের মাধ্যমে গ্রামের সাধারণ মানুষকে এবং দারিদ্র্যের কারণে কোন কোন বিষয়ে গ্রামের মানুষ বঞ্চিত রয়েছে সে বিষয়টিও অবহিত করা হয়। একইসাথে আগামী ছয় মাসের মধ্যে ‘এমপিআই’ ভিত্তিতে গ্রামটি দারিদ্র্যমুক্ত করার সংকল্প প্রত্যয়ে সকলের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। অদূর ভবিষ্যতে দুটি বাড়ি, ছাগলের সেড এবং পোল্ট্রি শেড নির্মাণের প্রতিশ্রুতি দেওয়া হয়। ইতোমধ্যেই গ্রামটিতে এমফরসি প্রকল্পের আওতায় দুটি মডেল নার্সারি তৈরি করা হয়েছে। গ্রামের সাধারণ মানুষের মধ্য হতে কয়েকজন নারী উদ্যোক্তা সৃষ্টির উদ্দেশ্যে খাবারের রেস্টুরেন্ট তৈরির একটি স্থান নির্বাচন করা হয়।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে উক্ত গবেষণায় দারিদ্র্য বিমোচন ভাবনা ও দারিদ্র্যের দুষ্টচক্র থেকে বের হয়ে আসার সার্বিক দিক নির্দেশনা সম্পর্কেও আলোকপাত করেন। দৃশ্যকল্পের মাধ্যমে তিনি দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম সম্পর্কে গ্রামবাসীর সঙ্গে মতবিনিময় ও উদ্বুদ্ধকরণ বক্তব্য প্রদান করেন। তিনি এমন একটি গ্রামের স্বপ্ন দেখেন যেখানে দারিদ্র্য হবে সুদূর অতীতকালের কোন বিষয়। তিনি দারিদ্র্যের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। সামাজিক আন্দোলনের মাধ্যমেই মডেলটি বাস্তবায়নের জন্য গ্রামের ৫০ জন যুবককে সেচ্ছাসেবক হিসেবে কাজ করতে প্রত্যেককে চ্যাম্পিয়ন নামকরণের প্রস্তাব করেন। মহাপরিচালক প্রশাসন ও এলাকার জনপ্রতিনিধিদের সার্বক্ষণিক সহায়তা কামনা করেন। “দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম” শীর্ষক প্রায়োগিক গবেষণাটি সফলভাবে বাস্তবায়িত হলে মডেলটি দেশের দারিদ্র্য বিমোচনে অগ্রণী ভূমিকা পালন করবে।



*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার উদ্যোগে গত ১৭ মার্চ, ২০২২ তারিখে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ মাঠে ১০২ পাউন্ড ওজনের কেক কেটে দিন ব্যাপী কমসূচির উদ্বোধন করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ*

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস পালন

গত ১৭ মার্চ, ২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার উদ্যোগে দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচি পালিত হয়। দিবসটি উপলক্ষে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের নেতৃত্বে সকাল ৮:৩০ মিনিটে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময়ে একাডেমির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বিসিএস ক্যাডার কর্মকর্তা, অন্যান্য প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীসহ আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

সকাল ৯:০০ টায় আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ মাঠে ১০২ পাউন্ড ওজনের কেক কাটা হয়। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যুগ্মসচিব জনাব তাসলিমা আক্তার, একাডমির অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন, উপসচিব জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান, আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব শেখ শাহ্‌রিয়ার মোহাম্মদ প্রমুখ। অনুষ্ঠানমালার অংশ হিসেবে জাতির পিতার জীবন ও কর্ম-বিষয়ক রচনা প্রতিযোগিতা, শিশু কিশোরদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। পরবর্তীতে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য রাজনৈতিক জীবন ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোকচিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণসমূহ প্রচার, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্ম-বিষয়ক পুতুল নাট্যের আয়োজন করা হয়। বাদ জোহর একাডেমী জামে মসজিদে জাতির পিতার স্মরণে দোয়া ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।

# আরডিএ, বগুড়ায় যথাযোগ্য মর্যাদায় "শেখ রাসেল দিবস" পালিত

'শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস'- এ প্রতিপাদ্য নিয়ে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে গত ১৮ অক্টোবর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যথাযথ মর্যাদায় উদযাপিত হয় 'শেখ রাসেল দিবস ২০২১'। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিন ও শেখ রাসেল দিবস উপলক্ষে সকাল ০৯:০০ টায় প্রশাসন ভবনের সামনে শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক অর্পন করেন আরডিএ বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এসময় একাডেমীর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী, চলমান বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজের শিক্ষক-ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর বেলুন উড়ানো এবং ছাত্র-ছাত্রীদের মাধ্যমে কেক কাটার আয়োজন করা হয় এবং বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

ছাত্র-ছাত্রীদের মাঝে দিবসটির তাৎপর্য তুলে ধরার প্রয়াসে একাডেমির অডিটোরিয়ামে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় একাডেমির মহাপরিচালকসহ উপস্থিত অনুষদ সদস্যবৃন্দ, কর্মচারীবৃন্দ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ তাঁদের বক্তব্যে এ দিবসটির তাৎপর্য তুলে ধরেন। আলোচনা শেষে এ দিবস উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এরপর মহাপরিচালক আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজে "শেখ রাসেল কর্ণার" এর শুভ উদ্বোধন করেন।

দিবসটি উপলক্ষ্যে শেখ রাসেলসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারে শহিদ সকল সদস্যের ছবি সম্বলিত ব্যানার-ফেস্টুন প্রদর্শন করা হয়। বাদ জোহর আরডিএ জামে মসজিদে শেখ রাসেলসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহিদ সদস্যবৃন্দের আত্মার মাগফিরাত কামনা করে এবং দেশ ও জাতির মঙ্গল কামনা করে দোয়ার আয়োজন করা হয়।



*পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যথাযথ মর্যাদায় 'শেখ রাসেল দিবস ২০২১' উদযাপন করা হয় ।*



*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিন ও শেখ রাসেল দিবস উপলক্ষে একাডেমির প্রশাসনিক ভবনের সামনে কেক কাটার আয়োজন করা হয়*

জাতীয় দিবস

# বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ

# ‘বাঙালির চিরঞ্জীব অনুপ্রেরণার মহাকাব্য’



*১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক ভাষণ*

গত ৭ মার্চ, ২০২২ তারিখে ‘জাতীয় ঐতিহাসিক দিবস’ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। ১৯৭১ সালের এইদিনে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) পাকিস্তানি শাসকদের শোষণ ও অত্যাচারে নিপীড়িত নিষ্পেষিত সাড়ে সাত কোটি বাঙালিকে মুক্তি সংগ্রামে উদ্দীপ্ত করেছিলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। একাত্তরে মার্চের এই অগ্নিঝরা দিনে উত্তাল জনস্রোতের মাঝে, এরকম একটি ভারসাম্যপূর্ণ, দিক নির্দেশনামূলক ভাষণই শেখ মুজিবকে অনন্য এক ভাবমূর্তি দিয়েছে। দিয়েছে অনন্য মহান নেতার মর্যাদা। জাতির পিতার ৭ই মার্চের ভাষণ আজ শুধু বাংলাদেশের একক সম্পদ নয়, এটি এখন বিশ্ব মানবতার মুক্তির প্রামাণ্য দলিল। ৩০ অক্টোবর, ২০১৭ তারিখে ইউনেসকো এ ভাষণকে বিশ্ব-ঐতিহ্য সম্পদ হিসেবে স্বীকৃতি দিয়ে ‘দ্য ইন্টারন্যাশনাল মেমোরি অব ওয়ার্ল্ড রেজিস্টার’-এ অন্তর্ভুক্ত করেছে।

ঐতিহাসিক ৭ মার্চ, ২০২২ জাতীয় দিবস হিসেবে যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক দিন ব্যাপী কর্মসূচি পালিত হয়। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৯.০০ টায় একাডেমি প্রাঙ্গণে জাতির পিতার স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে জাতির পিতার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। এরপর পর্যায়ক্রমে একাডেমিতে প্রশিক্ষণরত বিভিন্ন বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ বঙ্গবন্ধুর স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ করেন। পরবর্তীতে আরডিএ ল্যাবরেটরী স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি ও চলচ্চিত্র প্রদর্শনী এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহাপরিচালক তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে জাতীয় জীবনে ঐতিহাসিক ৭ মার্চের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। তিনি বলেন “৭ মার্চের ভাষণ ছিল বাঙালি জাতির মুক্তির দিশারী। এ ভাষণের মাধ্যমেই বাঙালি জাতিকে ঐক্যবদ্ধ করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।” এছাড়াও তিনি মহান স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানার জন্য তরুণ প্রজন্মের প্রতি উদাত্ত আহ্বান জানান।



*গত ৭ মার্চ ‘জাতীয় ঐতিহাসিক দিবস’ ২০২২ উপলক্ষে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠানে আরডিএ মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ ও অনুষদ সদস্যবৃন্দ।*

## রংপুরের পল্লী জনপদ উদ্বোধন

(১ম পাতার পর)

একদিকে যেমন গ্রামীণ জনগণের উন্নত আবাসনের ব্যবস্থা করছে অন্যদিকে প্রাকৃতিক ও মানবসৃষ্ট বিপর্যয়ের কারণে আবাদি জমির পরিমাণ কমে যাওয়া এবং উৎপাদন ক্ষমতা হ্রাসের প্রবণতা রোধ করবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপ্ন দেখেছিলেন বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠী আধুনিক সমবায়ভিত্তিক আধুনিক বহুতল ভবনে একসাথে বসবাস করবে। এ প্রেক্ষাপটে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর একটি উল্লেখযোগ্য দর্শন ‘আমার গ্রাম আমার শহর’ বাস্তবায়নে ‘পল্লী জনপদ’ প্রকল্পটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন ‘পল্লী জনপদ’ নামক প্রায়োগিক গবেষণা প্রকল্পটির আওতায় গ্রামে শহরের সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর গ্রাম থেকে শহরে অভিগমনের প্রবণতাও উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে। প্রাথমিকভাবে এ প্রকল্পের আওতায় সাত বিভাগে সাতটি পল্লী জনপদ ভবন নির্মাণের পরিকল্পনা থাকলেও বর্তমানে শুধুমাত্র রংপুর সাইটে ভবন নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া বগুড়া ও গোপালগঞ্জের ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। অনুষ্ঠানে প্রকল্প সংশ্লিষ্ট একটি ভিডিও চিত্রও প্রদর্শন করা হয়।

## আন্তর্জাতিক দিবস

# আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উপলক্ষে আরডিএ, বগুড়ার উদ্যোগে আন্তর্জাতিক সেমিনার ও অন্যান্য কর্মসূচি পালিত

গত ৮ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়াতে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। নারী অধিকার রক্ষায় বিশ্ব ব্যাপী সমতাভিত্তিক সমাজ-রাষ্ট্র গড়ার প্রত্যয়ে প্রতি বছর এই দিনে দিবসটি উদযাপন করা হয়। এবছর আন্তর্জাতিক নারী দিবসের মূল প্রতিপাদ্য ছিল "টেকসই আগামীর জন্য, জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য"। ১৯১০ সালের ৮ মার্চ তারিখে নিউইয়র্কের সেলাই কারখানার নারী শ্রমিকদের আন্দোলনের প্রতি সম্মান জানাতে প্রতি বছর ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়ে থাকে। জাতিসংঘ ১৯৭৫ সাল থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালন শুরু করে।

দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার উদ্যোগে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। কর্মসূচির মধ্যে আরডিএ মহিলা ক্লাবের পক্ষ থেকে একাডেমি প্রাঙ্গণে দিন ব্যাপী নারী উদ্যোক্তা মেলার আয়োজন করা হয়। সকাল ১১:০০ টায় একাডেমির প্রশাসনিক ভবনের সামনে থেকে বর্ণাঢ্য র‌্যালি বের হয়। এরপর একাডেমির অডিটোরিয়ামে সেমিনার ও পুতুল নাট্য প্রদর্শনীর আয়োজন করা হয়।




*আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উদযাপনের লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. ওয়ারদাতুল আকমাম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মুরশিদা ফেরদৌস বিনতে হাবিব*

সেমিনারে আলোচক হিসেবে অনলাইন জুম প্লাটফর্মে সংযুক্ত থেকে সেমিনারটি একটি আন্তর্জাতিক সেমিনারে রূপ দিয়েছেন ভারতের ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. জয়ন্ত চৌধুরী। তিনি বলেন ভারত সরকার তাঁদের জাতীয় বাজেটে জেন্ডার সেনসিটিভির গুরুত্ব দিয়ে থাকে। ভারতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের বাজেটেও নারী উন্নয়নের বিষয়টি যথাযথভাবে প্রাধান্য পায়।

সেমিনারে দিবসটির মূল প্রতিপাদ্য "Gender equality today for a sustainable tomorrow" এর উপর একটি তথ্যনির্ভর গবেষণামূলক প্রবন্ধ উপস্থাপন করেন প্রধান আলোচক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. ওয়ারদাতুল আকমাম। তিনি বলেন টেকসই উন্নয়নের জন্য নারী-পুরুষের সমতার চেয়ে সমাজে ন্যায্যতা প্রতিষ্ঠিত হওয়া প্রয়োজন। এছাড়াও নারীদের উপর জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিয়ে বিভিন্ন তথ্য-উপাত্ত তুলে ধরেন। এক্ষেত্রে তিনি বলেন জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় নারীদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া দরকার।

উক্ত সেমিনারে আরও উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মুরশিদা ফেরদৌস বিনতে হাবিব, আরডিএ, বগুড়ার যুগ্মপরিচালক ড. শফিকুর রশিদ এবং একাডেমির অনুষদ সদস্যবৃন্দ। সেমিনারে সভাপতিত্ব করেন একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব ফেরদৌস হোসেন খান।

প্রফেসর ড. মুরশিদা নির্যাতিত নারীদের মনস্তাত্ত্বিক সমস্যা সমাধানের বিষয়ে বিশদ আলোচনা করেন। তিনি নারীদের শারীরিক সুস্থতার পাশাপাশি মানসিক সুস্থতার ওপর জোর করেন। এসডিজি'র লক্ষ্য বাস্তবায়নে অন্ন, বস্ত্র, স্বাস্থ্য, শিক্ষার পরেই নারী-পুরুষের সমতার কথা বলা হয়েছে। তিনি বলেন নারী-পুরুষের সমতা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। উক্ত সেমিনারে প্রধান অতিথির পদ অলংকৃত করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

মহাপরিচালক সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণে নারীর সমঅধিকার প্রতিষ্ঠার গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। নারী-পুরুষ সমতা অর্জন, নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন নিশ্চিত করার নিমিত্তে জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ প্রণয়নে মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ভূমিকার জন্য তাঁর প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন বাংলাদেশের জাতীয় বাজেট প্রণয়নকালে জেন্ডার বিষয়টি প্রাধান্য পেয়ে থাকে। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের মধ্যে একটি হলো নারীর ক্ষমতায়ন এবং এ বিষয়ে তিনি বিস্তারিত আলোকপাত করেন।




*আন্তর্জাতিক নারী দিবস ২০২২ পালন উপলক্ষে একাডেমির প্রশাসনিক ভবনের সামনে থেকে বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়।*



*আন্তর্জাতিক নারী দিবস ২০২২ পালন উপলক্ষে আরডিএ মহিলা ক্লাবের পক্ষ থেকে একাডেমি প্রাঙ্গণে দিন ব্যাপী নারী উদ্যোক্তা মেলার উদ্বোধন করেন মহিলা ক্লাবের সভানেত্রী মিসেস রুবিনা আক্তার।*

## প্রশিক্ষণ



গত ২৯ জানুয়ারি, ২০২২ তারিখে ছয়মাস মেয়াদী ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সনদপত্র বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি। পরবর্তীতে আরডিএ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ (ডানে)।

# ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

গত ২৯ জানুয়ারি, ২০২২ তারিখে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), ঢাকা এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ আয়োজনে ছয়মাস মেয়াদি ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কেন্দ্রীয়ভাবে ১১:১৫ -০১:০৫টা পর্যন্ত সনদপত্র বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যুক্ত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকার রেক্টর জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস। উক্ত অনুষ্ঠানে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ৫৭ জন প্রশিক্ষণার্থীর সকলেই সফলতার সাথে কোর্স সমাপ্তি করেন। পরবর্তীতে আরডিএ কর্তৃক আয়োজিত সমাপনী অনুষ্ঠানে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ বিসিএস ক্যাডার কর্মকর্তাগণকে সনদপত্র বিতরণ করেন।



বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণের ৬৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে স্মরণিকা 'মায়াজাল' এর উদ্বোধন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

## বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণের ৬৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

গত ৭ জানুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক পরিচালিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণের ৬৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

অনুষ্ঠানে ড. মোহাম্মদ মুনসুর রহমান, পরিচালক, জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), কোর্স পরিচালক ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ, পরিচালক (খামার প্রযুক্তি) ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকতাগণের ১৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ।

## বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকতাগণের ১৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকার যৌথ উদ্যোগে আয়োজিত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকতাগণের ১৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স গত ০৯ অক্টোবর ২০২১ তারিখে একাডেমির লাইব্রেরি ভবনে উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন হয়। একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে কোর্সের শুভ উদ্বোধনী ঘোষনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো. আব্দুল মান্নান চৌধুরী, উপপরিচালক ও প্রধান সমন্বয়ক, নায়েম, ঢাকা।




*গত ২০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বিপিএটিসি এবং সহযোগী পাঁচটি প্রতিষ্ঠানের ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি*

## ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠিত

গত ২০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), ঢাকা এবং পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়াসহ পাঁচটি প্রতিষ্ঠান ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান একযোগে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব ফরহাদ হোসেন এমপি এবং বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, জনাব কে এম আলী আজম। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস, রেক্টর, বিপিএটিসি। মাননীয় প্রতিমন্ত্রী সকল প্রশিক্ষণার্থীকে শৃঙ্খলার সাথে প্রশিক্ষণ গ্রহণ করার আহবান জানান। তিনি বলেন, প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে এবং ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ ভার্চুয়ালি বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, ৪র্থ শিল্পবিপ্লব মোকাবেলায় তরুণ কর্মকর্তাদের এগিয়ে আসতে হবে। প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় আটটি ক্যাডারভুক্ত মোট ৫৫ জন কর্মকর্তা (৩৮ জন পুরুষ ও ১৭ জন নারী) প্রশিক্ষণ কোর্সটিতে অংশগ্রহণ করছেন।



*বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি ৬৮তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীবৃন্দ*

## বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণের ৬৮তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ৬৮তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ২০ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ডা. মো. রেজাউল আলম, অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া, ডা. মো. জাফরুল হোসেন, উপপরিচালক (পারসোনেল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং ডা. মো. শফিউল আজম, সিভিল সার্জন, বগুড়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কোর্সটির কোর্স পরিচালক ড. শেখ মেহ্দী মোহাম্মদ, পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানিসম্পদ ব্যবস্থাপনা), আরডিএ, বগুড়া।

দুই মাস মেয়াদি এই বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি ২০ মার্চ, ২০২২ হতে ১৮ মে, ২০২২ মেয়াদে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় অনুষ্ঠিত হয়। সর্বমোট ৪১জন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাগণ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটিতে অংশগ্রহণ করেন। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটিতে সহযোগী কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন জনাব শেখ শাহ্রিয়ার মোহাম্মদ, উপপরিচালক এবং কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন জনাব মনিরুল ইসলাম, সরকারি পরিচালক ও জনাব মো. সিয়াম সালাউদ্দিন, সহকারি পরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

# বিবিএস কর্মকর্তাগণের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর যৌথ উদ্যোগে আয়োজিত বিবিএস কর্মকর্তাগণের দুই মাস মেয়াদি (১৩ ফেব্রুয়ারি - ১৩ এপ্রিল, ২০২২) বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর জেলা ও উপজেলা পর্যায়ের মোট ২৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইন প্লাটফর্মের মাধ্যমে সংযুক্ত ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মো. তাজুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

গত ১৩ এপ্রিল, ২০২২ তারিখে বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক ( প্রশিক্ষণ)। প্রধান অতিথি হিসেবে অনলাইন জুম প্লাটফর্মে যুক্ত ছিলেন জনাব মো. গোলাম মোস্তফা, যুগ্মপরিচালক, বিবিএস।

এসময় আরও উপস্থিত ছিলেন কোর্স পরিচালক জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন), কোর্স সমন্বয়ক জনাব অসীম কুমার সরকার, উপপরিচালক, জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালক এবং জনাব ফখর উদ্দিন তালুকদার, সহকারি পরিচালক। অনুষ্ঠান শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণ করা হয়।

## প্রশিক্ষণ



### বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকতাগণের ১৭৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

গত ১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকার যৌথ উদ্যোগে আয়োজিত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকতাগণের ১৭৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধনী পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সের শুভ উদ্বোধনী ঘোষনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. তাহসিনা আক্তার, পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। ৪০ জন বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকতাগণ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটিতে অংশগ্রহণ করেন।



### বিপিএটিসি, ঢাকা এবং আরডিএ, বগুড়া কর্তৃক আয়োজিত ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের 'অফিস সংযুক্তি' কার্যক্রম

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), ঢাকা এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক আয়োজিত বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের 'অফিস সংযুক্তি' কার্যক্রম গত ২৮ নভেম্বর-০২ ডিসেম্বর, ২০২১ মেয়াদে পল্লী উন্নয়ন একাডেমীতে অনুষ্ঠিত হয়। আরডিএ, বগুড়ার প্রশিক্ষণ বিভাগের পরিচালক জনাব মো. ফেরদৌস হোসেন খানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কোর্স পরিচালক ও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার যুগ্মপরিচালক ড. মো. শফিকুর রশিদ। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কার্যক্রমের কোর্স সমন্বয়কবৃন্দ জনাব অসীম কুমার সরকার, উপপরিচালক ও জনাব মৌপিয়া আবেদীন, সহকারি পরিচালক, আরডিএ, বগুড়া।



### 'কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

গত ২৯ জুন, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ২৮ দিন মেয়াদি (২ জুন - ২৯ জুন, ২০২২) 'কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত হয়। উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। তিনি প্রশিক্ষণার্থীদেরকে অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে নিজেকে স্বাবলম্বী করার ও কর্মসংস্থান সৃষ্টির আহবান জানান। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব মো. খালিদ আওরঙজেব, পরিচালক (প্রশাসন), আরডিএ, বগুড়া। উপস্থিত ছিলেন জনাব মাকছুদ আলম খান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন), জনাব মনিরুল ইসলাম, সহকারি পরিচালক, আরডিএ, বগুড়া। কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন জনাব সাখাওয়াত উল্লাহ, সহকারি পরিচালক, আরডিএ, বগুড়া। কোর্সটিতে সর্বমোট ২০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



### 'পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ' শীর্ষক বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা), গাজীপুর এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আয়োজিত বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের "পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক ৫ দিন ব্যাপী (২২-২৬ মে, ২০২২) অফিস সংযুক্তি কার্যক্রম শুরু হয়। গত ২২মে, ২০২২ তারিখে একাডেমির আইটি ভবনে উক্ত প্রোগ্রামের উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. তাহাজুল ইসলাম, সিনিয়র সহকারি পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর। এছাড়াও উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার গবেষণা ও মূল্যায়ন বিভাগের পরিচালক জনাব মো. মিজানুর রহমান, কোর্স সমন্বয়ক ড. মোহাম্মদ আব্দুল কাদের, উপপরিচালক ও সাখাওয়াত উল্লাহ, সহকারি পরিচালকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। উক্ত সংযুক্তি কার্যক্রমে মোট ৭৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## প্রশিক্ষণ



## "ড্রাইভিং এন্ড মেকানিক্স" এবং "কম্পিউটার এন্ড আউটসোর্সিং" প্রশিক্ষণ কোর্স

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়ণাধীন "শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী, জামালপুর" এর আওতায় দেশে-বিদেশে কর্মসংস্থানের উদ্দেশ্যে দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় ২০ অক্টোবর, ২০২১ তারিখে উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে দুটি ব্যাচ যথাক্রমে ৬০ দিন মেয়াদি "ড্রাইভিং এন্ড মেকানিক্স" এবং ২৮ দিন মেয়াদি "কম্পিউটার এন্ড আউটসোর্সিং" প্রশিক্ষণ কোর্স সমাপ্ত হয়।



## কাজ প্রকল্পের আওতায় প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় ২১ দিন মেয়াদি 'লোকাল লেভেল সার্ভিস প্রোভাইডার (এলএসপি)' প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স গত ১ ডিসেম্বর, ২০২১, তারিখে একাডেমিতে শুরু হয়। কোর্সটিতে জামালপুর জেলার চারটি উপজেলা থেকে মোট ৪০ জন সুফলভোগী অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন ড. সমীর কুমার সরকার, পরিচালক (কৃষি বিজ্ঞান), জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), প্রকল্প পরিচালক (উপসচিব) জনাব মো. জাহিদুল হক চৌধুরী ও কোর্স পরিচালক, জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন) ও উপপ্রকল্প পরিচালক, প্রটোকল অফিসার ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, কোর্স সমন্বয়ক জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক ও জনাব শ্যামল চন্দ্র হাওলাদার, উপপরিচালকসহ একাডেমির অন্যান্য অনুষদবৃন্দ এবং প্রশিক্ষণার্থীবৃন্দ।




## 'জাতীয় শুদ্ধাচার কৌশল' প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর আওতায় দিন ব্যাপী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সটি গত ২০ ডিসেম্বর, ২০২১ তারিখে একাডেমির আইটি ভবনে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে নবনিযুক্ত ১০ জন সহকারি পরিচালক ও একজন মেডিকেল অফিসারসহ মোট ৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। একাডেমির শুদ্ধাচার বিষয়ক কমিটির ফোকাল পারসন ও পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার) ড. মো. নুরুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন)। প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন সহকারি পরিচালক জনাব মো. আশরাফুল আলম।



## এম ফর সি প্রকল্পের আওতায় নার্সারি ব্যবস্থাপনা উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স

গত ২৭ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি-২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ৫ দিন ব্যাপী নার্সারি ব্যবস্থাপনা উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন একাডেমির চর ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কোর্স পরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন, পরিচালক (সামাজিক বিজ্ঞান), আরডিএ, বগুড়া, প্রকল্প পরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, আরডিএ, বগুড়া, কোর্স সমন্বয়ক, অন্যান্য অনুষদ সদস্যগণ এবং এসডিসি সুইস কন্টাক্ট এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে মোট ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## প্রশিক্ষণ



*গত ১৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বগুড়া সদর উপজেলার চকঝপু গ্রামে অনুষ্ঠিত গ্রামীণ নারীর বীজ ব্যবসা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ)*

# মাড়িয়া মডেল অনুসরণে গ্রামীণ নারীর বীজ ব্যবসা প্রশিক্ষণ

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার নিজস্ব অর্থায়নে মাড়িয়া মডেল অনুসরণে গ্রামীণ নারীর বীজ ব্যবসা প্রশিক্ষণ কোর্সটির প্রথম ব্যাচ গত ১৪-১৬ ফেব্রুয়ারি, ২০২২ মেয়াদে বগুড়া সদর উপজেলার চকঝপু গ্রামে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সটিতে ২০ জন নারী ও তাদের পরিবারের ২০ জন পুরুষ সদস্য সহ মোট ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। মাড়িয়া মডেলের উদ্ভাবিত প্রযুক্তি সমূহ হাতে কলমে শেখানোর মাধ্যমে ২০ জন নারীকে বীজ উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি উপস্থিত থেকে কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা করেন জনাব খলিল আহমদ মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), মোছা. রেবেকা সুলতানা, উপপরিচালক। কোর্সটির পরিচালক হিসেবে জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক, (প্রশাসন) ও সমন্বয়ক হিসেবে সহকারি পরিচালক জনাব ফখর উদ্দিন তালুকদার দায়িত্ব পালন করেন। কোর্সটির সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মো. মাহফুজুল আলম, উপজেলা কৃষি কর্মকর্তা, অতিরিক্ত কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বগুড়া সদর ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ ।

# আর্থিক ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্স

গত ১৬ জানয়ারি, ২০২২ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক আয়োজিত পরিকল্পনা বিভাগ ও কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় ৫ দিন মেয়াদি আর্থিক ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিআরএল) জনাব মো. সাজেদুল কাইয়ুম দুলাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। আরও উপস্থিত ছিলেন জনাব মইন উদ্দীন ইকবাল, সিনিয়র সহকারি সচিব ও উপপ্রকল্প পরিচালক, পরিকল্পনা মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া।



# "টিস্যুকালচার প্রযুক্তি ও মাশরুম উৎপাদনের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, রংপুর স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় "টিস্যুকালচার প্রযুক্তি ও মাশরুম উৎপাদনের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন" শীর্ষক প্রশিক্ষণ কোর্স দুটির সমাপনী অনুষ্ঠান গত ৩০ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার পরিচালক (সামাজিক বিজ্ঞান) জনাব ড. আব্দুল্লাহ আল মামুন। আরও উপস্থিত ছিলেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), জনাব মো. খালিদ আওরংগজেব, পরিচালক, (প্রশাসন) ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। কোর্স দুটিতে সর্বমোট ৩০জন প্রশিক্ষণার্থী সফলতার সাথে প্রশিক্ষণ সমাপ্ত করেন।




# কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ কোর্স

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ২৮ দিন মেয়াদি কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন গত ২০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এতে ৯ জন নারী ও ১১ জন পুরুষ উদ্যোক্তা অংশ নেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কোর্সের উদ্বোধন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ আল মামুন। অনুষ্ঠানে কোর্সটির পরিচালক জনাব মো. আবিদ হোসেন মৃধা, উপপরিচালক ও প্রকল্প পরিচালক, জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রশিক্ষণ



## কাজ প্রকল্পের আওতায় কম্পিউটার এন্ড আউট সোর্সিং প্রশিক্ষণ কোর্স

গত ৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় ৪৫ দিন মেয়াদি (৮ ফেব্রুয়ারি, ২০২২-২৪ মার্চ, ২০২২) কম্পিউটার এন্ড আউট সোর্সিং প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক জনাব ড. আব্দুল্লাহ আল মামুন। অনুষ্ঠানে প্রকল্প পরিচালক জনাব মো. জাহিদুর হক চৌধুরী, প্রশিক্ষণ বিভাগের পরিচালক জনাব মো. ফেরদৌস হোসেন খানসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



## পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার নবনিযুক্ত কর্মকর্তাদের 'অরিয়েন্টেশন' প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার নবনিযুক্ত কর্মকর্তাদের ৮ দিন ব্যাপী (১৮-২৫ এপ্রিল, ২০২২) 'অরিয়েন্টেশন' প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন গত ১৮ এপ্রিল, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়।

একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত অরিয়েন্টেশন কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন। এ সময় তিনি নবনিযুক্ত কর্মকর্তাদের বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। একই সাথে একজন স্মার্ট ও দক্ষ কর্মকর্তার কী কী গুণাবলী থাকা দরকার সে সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। এছাড়াও আরো উপস্থিত ছিলেন ড. সমীর কুমার সরকার, পরিচালক (কৃষি বিজ্ঞান), ড. মো. নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার), ড. শেখ মেহ্দী মোহাম্মদ, পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানি সম্পদ ব্যবস্থাপনা), জনাব মো. মাজহারুল আনোয়ার, উপপরিচালক, আরডিএ, বগুড়া। উক্ত প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন ড. মো. শফিকুর রশিদ, যুগ্মপরিচালক ও কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন জনাব মো. আল মামুন, সহকারি পরিচালক, আরডিএ, বগুড়া।



*এমফরসি-২য় পর্যায় প্রকল্পের অধীনে মাসব্যাপী "হস্তশিল্প এবং সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ" কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করছেন আরডিএ, বগুড়া'র অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন*

## "হস্তশিল্প এবং সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ" কোর্সের সমাপনী অনুষ্ঠিত

আরডিএ, বগুড়ায় মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের অধীনে মাস ব্যাপী "হস্তশিল্প এবং সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ" কোর্স (ব্যাচ নং-১) এর সমাপনী অনুষ্ঠান সম্পন্ন। ০৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের অধীনে মাস ব্যাপী 'হস্তশিল্প এবং সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স' সমাপনান্তে সমাপনী অনুষ্ঠান আরডিএ, বগুড়ার অডিটরিয়ামে আয়োজন করা হয়। দেশের ছয়টি জেলার (কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর, গাইবান্ধা, জামালপুর ও শরীয়তপুর) চর এলাকা থেকে আগত ৩০ জন মহিলা প্রশিক্ষণার্থী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী ৩০ জন নারী প্রশিক্ষণার্থীকে একটি করে সেলাই মেশিনসহ কাঁচি ও ফিতা এবং অন্যান্য সেলাই উপকরণ প্রকল্পের পক্ষ থেকে বিতরণ করা হয়। এছাড়াও ৩০ জন নারী প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে উদ্যোক্তা হিসেবে কাজ করার লক্ষ্যে তাদের নিজের নামে সাইনবোর্ড তৈরি করে বিতরণ করা হয়। উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। আরও উপস্থিত ছিলে উক্ত প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক জনাব আন্দালীব মাহেজাবীন, উপপরিচালক, আরডিএ, বগুড়া। কোর্স সমন্বয়ক হিসেবে উপস্থিত ছিলেন জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালক এবং জনাব মৌপিয়া আবেদীন, সহকারি পরিচালক, আরডিএ, বগুড়া। উক্ত সমাপনী অনুষ্ঠানে সুইসকন্ট্যাক্টের প্রতিনিধিবৃন্দ, এমফরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক ও আরডিএ, বগুড়ার যুগ্মপরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক এবং অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন

"মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পটি বাংলাদেশ সরকার এবং বাংলাদেশে অবস্থিত সুইস দূতাবাসের অর্থায়নে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে চরাঞ্চলের কৃষি বাজার ব্যবস্থা উন্নয়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে নির্ধারিত চরসমূহের দরিদ্র পরিবারের আয় ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্যতা ও বিপদাপন্নতা হ্রাস করা। প্রকল্পটি চরাঞ্চলের চরবাসীদের সার্বিক অর্থনৈতিক উন্নতি, বাজারের সঙ্গে যোগাযোগ, কর্মসংস্থান সৃষ্টি এবং প্রাকৃতিক বিপর্যয় থেকে উদ্ধার হওয়ার বিভিন কৌশল রপ্ত করায় কাজ করছে। আলোচনা শেষে এমফরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের সহায়তা এবং ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে চরাঞ্চলে বসবাসরত দরিদ্র ও সুবিধাবঞ্চিত জীবিকার মান উন্নয়নের অঙ্গীকারের মধ্য দিয়ে উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান সমাপ্ত হয়।

## প্রশিক্ষণ



*গত ২৩ ডিসেম্বর ২০২১ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) এবং জিআরএস অনলাইন ব্যবহার বিষয়ক এক দিনের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে আরডিএ-এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন*

### অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক এক দিনের প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) এবং জিআরএস অনলাইন ব্যবহার বিষয়ক এক দিনের প্রশিক্ষণ কোর্স পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার আইটি ভবনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সে একাডেমির ৫০ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং সভাপতিত্ব করেন পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান। উক্ত প্রশিক্ষণ কোর্সে জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন) কোর্স পরিচালক ও জনাব শ্যামল চন্দ্র হাওলাদার, উপপরিচালক (প্রশাসন) কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন।



### এলজিইডি'র ১ম শ্রেণির কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আয়োজিত দুই মাস ব্যাপী এলজিইডি'র ১ম শ্রেণির কর্মকর্তাদের জন্য আয়োজিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ০৩ অক্টোবর, ২০২১ তারিখ একাডেমির আইটি ভবনে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব গোলাম কবির, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, বগুড়া অঞ্চল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া।

বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটির সমাপনী অনুষ্ঠান গত ০১ ডিসেম্বর, ২০২১ তারিখ একাডেমির আইটি ভবনে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে একাডেমির মহাপরিচালক প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ, বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরস্কার বিতরণ করেন।



### 'কমিউনিটিভিত্তিক ছাগল পালনের মাধ্যমে দারিদ্র্যতা দূরীকরণ' বিষয়ক প্রশিক্ষণ কোর্স

গত ২৭ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার নিজস্ব অর্থায়নে ০৩ দিন মেয়াদি 'কমিউনিটিভিত্তিক ছাগল পালনের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন ঘোষণা করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ, বিশেষ অতিথি ছিলেন ড. আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক এবং ড. সমীর কুমার সরকার, পরিচালক (কৃষি বিজ্ঞান)। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোর্স পরিচালক ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার এবং জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক। অনুষ্ঠানের সঞ্চালনা করেন কোর্স সমন্বয়ক ডা. মো. মিজানুর রহমান, সহকারি পরিচালক।



*'ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' বিষয়ক কর্মশালার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

### 'ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

গত ০২ জানুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় দুই দিন ব্যাপী 'ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটির উদ্বোধনী অনুষ্ঠান একাডেমির লাইব্রেরি ভবনের চতুর্থ তলায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। উক্ত কর্মশালাটিতে একাডেমির ৫০ জন কর্মকর্তা-কর্মচারী প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

Green RDA
Clean RDA

**প্রশিক্ষণ**



*‘প্রশাসনিক ব্যবস্থাপনা পল্লী উন্নয়ন সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা’ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

## ‘প্রশাসনিক ব্যবস্থাপনা পল্লী উন্নয়ন সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা’ শীর্ষক প্রশিক্ষণ কোর্স

গত ১৪ জানুয়ারি, ২০২২ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আয়োজিত চার দিন ব্যাপী ‘প্রশাসনিক ব্যবস্থাপনা পল্লী উন্নয়ন সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা’ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধনী অনুষ্ঠান আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবু সাঈদ মো. কামাল, উপসচিব, ত্রাণ কর্মসূচি অধিশাখা-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। কোর্স পরিচালক জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) আরডিএ, বগুড়া, কোর্স সমন্বয়ক জনাব মো. আসাদুজ্জামান, উপপরিচালক ও জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালক এবং অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে আগত বিভিন্ন স্তরের ৩৬ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। মহাপরিচালক তাঁর উদ্বোধনী বক্তব্যে প্রশিক্ষণ হতে অর্জিত জ্ঞান বাস্তবক্ষেত্রে প্রয়োগের জন্য প্রশিক্ষণার্থীদের প্রতি আহ্বান জানান। উল্লেখ্য ইতোপূর্বে ০৩-০৬ জানুয়ারি, ২০২২ মেয়াদে ১ম ব্যাচে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ৩০ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেছিলেন।

## ‘টিস্যু কালচার প্রযুক্তি’ ও ‘মাশরুম উৎপাদন’ শীর্ষক দুটি প্রশিক্ষণ কোর্সের সমাপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন “জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি” স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ১২ দিন মেয়াদি “টিস্যু কালচার প্রযুক্তি” ও “মাশরুম উৎপাদন” শীর্ষক দুটি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ০৬ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্স দু’টির শুভ উদ্বোধন ঘোষণা করেন জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। এছাড়াও উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) ও কোর্স পরিচালক, প্রকল্প পরিচালক জনাব মো. আবিদ হোসেন মৃধা, কোর্স সমন্বয়ক জনাব মো. আসাদুজ্জামান, উপপরিচালক এবং জনাব মো. আল মামুন, সহকারি পরিচালক।

## “পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ” শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকার যৌথ উদ্যোগে আয়োজিত নায়েমে অনুষ্ঠানরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের “পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ” শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম ১০-১৪ অক্টোবর মেয়াদে অনুষ্ঠিত হয়। গত ১০ অক্টোবর, ২০২১ তারিখে একাডেমির আইটি ভবনে উক্ত প্রোগ্রামের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো. শওকত আলী খান, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম, ঢাকা। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। উক্ত সংযুক্তি কার্যক্রমে ৬০ জন বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তা অংশগ্রহণ করেন।



*‘পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ’ শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রমের উদ্বোধন করেন জনাব চন্দন কুমার দে, অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।*

## ‘পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ’ শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম সম্পন্ন

গত ০৬ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া ও জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকার যৌথ আয়োজনে পাঁচ দিন মেয়াদি ‘পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ’ শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন ঘোষণা করেন জনাব চন্দন কুমার দে, অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. তাহসিনা আক্তার, পরিচালক (প্রশিক্ষণ), নায়েম, ঢাকা ও প্রফেসর লানাহুমায়রা খান, কোর্স পরিচালক, নায়েমে অনুষ্ঠানরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (১ম ব্যাচ)। আরও উপস্থিত ছিলেন মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), কোর্স পরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, কোর্স সমন্বয়ক ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার ও জনাব মৌপিয়া আবেদীন, সহকারি পরিচালক ও নায়েম থেকে আগত অনুষদবৃন্দ। উক্ত প্রশিক্ষণে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের মোট ৮০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “আপনাদের মত তরুণ কর্মকর্তাদের মাধ্যমে এসডিজি বাস্তবায়ন সম্ভবপর হবে”। সভাপতি তার বক্তব্যে বলেন ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম গবেষণাটি বাস্তবায়ন করা সম্ভব হলে দেশে পল্লি উন্নয়নের রোল মডেল হিসেবে কাজ করবে’।

## প্রশিক্ষণ



*লোকাল লেভেল সার্ভিস প্রোভাইডার (এলএসপি)দের প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ*

## কাজ প্রকল্পের আওতায় ৫ দিন ব্যাপী লোকাল লেভেল সার্ভিস প্রোভাইডার (এলএসপি) দের প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স

গত ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্পের আওতায় ৫ দিন ব্যাপী লোকাল লেভেল সার্ভিস প্রোভাইডারদের (এলএসপি) প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক (উপসচিব) জনাব মো. জাহিদুল হক চৌধুরী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোর্স পরিচালক ও প্রকল্পের উপ প্রকল্প পরিচালক জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন), আরডিএ, বগুড়া। কোর্স সমন্বয়ক জনাব মোছা. রেবেকা সুলতানা, উপপরিচালক ও ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার ও অন্যান্য অনুষদ সদস্যগণ উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে মোট ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## ৭২ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের 'দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন' সংযুক্তি কার্যক্রম

গত ২৬ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় বাংলাদেশ ইন্সটিটিউট অব এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠানরত ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ৫ দিন ব্যাপী দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন সংযুক্তি কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। উপস্থিত ছিলেন সংযুক্তি কার্যক্রমের কোর্স পরিচালক ড. সমীর কুমার সরকার, পরিচালক (কৃষি বিজ্ঞান), আরডিএ, বগুড়া। কোর্স সমন্বয়ক জনাব মো. মহিউদ্দিন, উপপরিচালক ও জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালক এবং অন্যান্য অনুষদ সদস্যগণ উপস্থিত ছিলেন। উক্ত সংযুক্তি কার্যক্রমে পাঁচটি ক্যাডারের মোট ৪০ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## সোলার সিস্টেম অপারেশন এন্ড মেইনটেনেন্স প্রশিক্ষণ কোর্স

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়িত সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি এবং এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের আওতায় সোলার সিস্টেম অপারেশন এন্ড মেইনটেনেন্স প্রশিক্ষণ কোর্সের ৩য় ও ৪র্থ ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠান গত ০৪ অক্টোবর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থতি ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। সভাপতিত্ব করেন পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মো. আবিদ হোসেন মৃধা, উপপরিচালক, জনাব মো. তানবিরুল ইসলাম, উপপরিচালক ও ড. মোহাম্মদ আব্দুল কাদের, উপপরিচালক।




## "Herd Production and Health Program" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া ও প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (LDDP), প্রাণীসম্পদ অধিদপ্তর, ঢাকা এর যৌথ উদ্যোগে আয়োজিত প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের ৫দিন মেয়াদি (২৭-৩১ মার্চ, ২০২২) Training on 'Herd Production and Health Program' শীর্ষক প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠান গত ২৭মার্চ, ২০২২ তারিখে আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আরডিএ'র পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান। উপস্থিত ছিলেন কোর্স পরিচালক জনাব মো. মহিউদ্দিন, উপপরিচালক। কোর্সটির কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন একাডেমির উপপরিচালক জনাব মো. তানবিরুল ইসলাম।

## টেকসই কৃষি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

টেকসই কৃষি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর বিষয়ক ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান গত ৭ অক্টোবর, ২০২১ তারিখে আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

# ‘সেল্ফ হেল্প গ্রুপ’ মডেলের আওতায় মাসব্যাপী ০৬টি ট্রেডে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন




*গত ১৯মে ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার আয়োজনে ‘সেল্ফ হেল্প গ্রুপ’ মডেল এর আওতায় মাসব্যাপী ০৬টি ট্রেডে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইন জুম প্ল্যাটফর্মের মাধ্যমে যুক্ত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো. মশিউর রহমান এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার আয়োজনে ‘সেল্ফ হেল্প গ্রুপ’ মডেলের আওতায় মাস ব্যাপী (১৯ মে, ২০২২ -১৭ জুন, ২০২২) ০৬টি ট্রেডে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ১৯ মে ২০২২ তারিখে আরডিএ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইন জুম প্ল্যাটফর্মের মাধ্যমে যুক্ত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো. মশিউর রহমান এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

এসময় আরও উপস্থিত ছিলেন ড. আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক আরডিএ, বগুড়া, জনাব ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) আরডিএ, বগুড়া, জনাব মাকছুদ আলম খান, পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) ও ফোকাল পার্সন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ কোর্সসহ একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন বর্তমান সরকার টেকনিক্যাল শিক্ষার ওপর গুরুত্বারোপ করছে। প্রশিক্ষণার্থীদের কারিগরি শিক্ষায় দক্ষ হওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করতে প্রচলিত কর্মসংস্থানের পাশাপাশি আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা হওয়ার জন্য কারিগরি শিক্ষার বিকল্প নেই। তিনি আরও বলেন চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কারিগরি শিক্ষায় দক্ষ হওয়া প্রয়োজন। বিশ্বের অন্যান্য দেশের প্রসঙ্গ টেনে বলেন বিশ্বের শিল্পোন্নত দেশগুলো কারিগরি শিক্ষাকে গুরুত্ব দেয়ার কারণে দ্রুত উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে।

দারিদ্র্যমুক্ত মডেল গ্রামের স্বপ্নদ্রষ্টা আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তৃতা প্রদান করেন। তিনি বলেন নিজেদের কর্মসংস্থানের জন্য দক্ষতা অর্জন করতে হবে। পূর্বে যারা ‘সেল্ফ হেল্প’-এ প্রশিক্ষণ নিয়েছেন কেউ আর এখন বেকার নেই। সবাই নিজনিজ কর্মক্ষেত্রে প্রতিভার স্বাক্ষর রেখে চলছে। ‘সেল্ফহেল্প’ নামে ব্যতিক্রমধর্মী এ প্রশিক্ষণ কোর্সটি পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া ২০১৪ সাল থেকে পরিচালনা করে আসছে। বগুড়াসহ ১৫টি জেলার সর্বমোট ১৩১জন প্রশিক্ষণার্থী ৬টি ট্রেডে অংশগ্রহণ করছেন।

## রাইস ট্রান্সপ্লান্টার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

গত ১৩ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার নিজস্ব অর্থায়নে ৫ দিন মেয়াদি (১৩ই মার্চ-১৭মার্চ ২০২২) ‘রাইস ট্রান্সপান্টার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স’ এর উদ্বোধনী অনুষ্ঠান পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় অনুষ্ঠিত হয়।

একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। এসময় আরও উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার প্রশিক্ষণ বিভাগের পরিচালক জনাব মো. ফেরদৌস হোসেন খান সহ অন্যান্য সদস্যবৃন্দ।

উক্ত প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালকের দায়িত্বে থাকবেন মো. আবিদ হোসেন মৃধা, উপপরিচালক, ও কোর্স সমন্বয়কের ভূমিকা পালন করবেন ড. মোহাম্মদ আব্দুল কাদের (উপপরিচালক), আরডিএ, বগুড়া। মোট ২৫জন প্রশিক্ষণার্থী উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।

## ‘নিরাপদ সবজি ও ফল উৎপাদন’ শীর্ষক তিন দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক আয়োজিত ‘নিরাপদ সবজি ও ফল উৎপাদন’ শীর্ষক তিন দিন ব্যাপী (২৯ মে-৩১ মে, ২০২২) প্রশিক্ষণ কোর্স গত ২৯ মে, ২০২২ তারিখে আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া।

এসময় আরো উপস্থিত ছিলেন জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), কোর্স সমন্বয়ক জনাব মোছা. রেবেকা সুলতানা, উপপরিচালক, আরডিএ, বগুড়াসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

## প্রশিক্ষণ



### “জাতীয় শুদ্ধাচার কৌশল” শীর্ষক অধিবেশন

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় চলমান ৭৩তম বিসিএস বুনিয়াদি প্রশিক্ষণ, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ এবং বিবিএস এর কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে অনলাইন জুম প্লাটফর্মের মাধ্যমে গত ০২ মার্চ, ২০২২ তারিখে “জাতীয় শুদ্ধাচার কৌশল” শীর্ষক অধিবেশন পরিচালনা করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো. মশিউর রহমান, এনডিসি। অধিবেশনে তিনি সরকারি কর্মচারীগণের সততা, নিষ্ঠা ও সুন্দর ব্যক্তিত্বের অধিকারী হওয়ার উপর গুরুত্ব প্রদান করেন।



*‘গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, কৃষি ও মৎস্য চাষ’ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদপত্র বিতরন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

### ‘গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, কৃষি ও মৎস্য চাষ’ বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ২৯ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠানরত পিকেএসএফ ও ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে হীড বাংলাদেশ কর্তৃক বাস্তবায়িত পিপিপি প্রকল্পের আওতায় ৪৫ দিন মেয়াদি ‘গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, কৃষি ও মৎস্য চাষ’ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কোর্স পরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, জনাব অসীম কুমার সরকার, উপপরিচালক, কোর্স সমন্বয়ক ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার এবং ডা. মো. মিজানুর রহমান, সহকারি পরিচালক। ৪৫ দিন মেয়াদি প্রশিক্ষণে বিভিন্ন জেলা থেকে আগত ২০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে প্রশিক্ষণার্থীদেরকে নিজে উদ্যোক্তা হওয়ার পাশাপাশি সাধারণ মানুষের গবাদিপ্রাণির সঠিক সেবা দেয়ার জন্য উৎসাহিত করেন।



*গত ০৭ মার্চ ২০২২ তারিখে আরডিএ, বগুড়ার নিজস্ব অর্থায়নে ০৫ দিন মেয়াদি ‘কমিউনিটিভিত্তিক দেশি মুরগি পালনের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ ও হ্যাচারি ব্যবস্থাপনা’ বিষয়ক ২০ জন প্রশিক্ষণার্থীর মাঝে ইনকিউবেটর বিতরন করেন মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

### ‘কমিউনিটিভিত্তিক দেশি মুরগি পালনের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ ও হ্যাচারি ব্যবস্থাপনা’ বিষয়ক প্রশিক্ষণ কোর্স

গত ০৭ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার নিজস্ব অর্থায়নে ০৫ দিন মেয়াদি “কমিউনিটি ভিত্তিক দেশি মুরগি পালনের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ ও হ্যাচারি ব্যবস্থাপনা” বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ উপস্থিত থেকে ২০ জন প্রশিক্ষণার্থীর মাঝে ইনকিউবেটর বিতরন করেন। অনুষ্ঠানে তিনি আত্মকর্মসংস্থানের মাধ্যমে এবং উদ্যোক্তা হয়ে দারিদ্র্য বিমোচনের জন্য সকলকে উদ্বুদ্ধ করেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার, কোর্স সমন্বয়ক জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক, ডা. মো. মিজানুর রহমান, সহকারি পরিচালক এবং জনাব আব্দুল্লাহ আলআমীন, সহকারি, পরিচালক ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

### অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ১৩ মার্চ, ২০২২ তারিখে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আয়োজিত অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের পাঁচ দিন মেয়াদি (১৩-১৭ মার্চ, ২০২২) “সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্স” এর উদ্বোধনী পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক জনাব ড. আব্দুল্লাহ আল মামুন। উক্ত কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) আরডিএ, বগুড়া। কোর্স সমন্বয়ক হিসেবে ছিলেন জনাব মোছা. রেবেকা সুলতানা, উপপরিচালক ও জনাব মো. আল মামুন, সহকারি পরিচালক। উক্ত সঞ্জীবনী কোর্সটিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মোট ৩৩জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।




*গত ১০মার্চ, ২০২২ তারিখে আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত এলজিইডি'র প্রকৌশলীদের দুই মাস মেয়াদি (১০ জানুয়ারি - ১০ মার্চ ২০২২) ৪৫তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

# ৪৫তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর যৌথ উদ্যোগে আয়োজিত এলজিইডি'র প্রকৌশলীদের দুই মাস মেয়াদি (১০ জানুয়ারি-১০ মার্চ, ২০২২) ৪৫তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান গত ১০ মার্চ, ২০২২ তারিখে আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হাবিবুল আজিজ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। এসময় বিশেষ অতিথি উক্ত প্রশিক্ষণ কোর্সটি সফলভাবে ও আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য আরডিএ কর্তৃপক্ষের নিকট বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান। উপস্থিত ছিলেন কোর্স পরিচালক জনাব ড. সমীর কুমার সরকার, পরিচালক (কৃষিবিজ্ঞান)। সমাপনী অনুষ্ঠানে সঞ্চালকের ভূমিকায় ছিলেন সহযোগী কোর্স পরিচালক জনাব মো. দেলোয়ার হোসেন (যুগ্মপরিচালক)। আরও উপস্থিত ছিলেন কোর্স সমন্বয়ক জনাব ড. আরিফ হোসেন জুয়েল, সহকারি পরিচালক, জনাব মো. আব্দুল্লাহ আলআমীন, সহকারি পরিচালক ও আরডিএ, বগুড়ার অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি একাডেমির মহাপরিচালক বলেন, প্রশিক্ষণের ফলে মানসিকতা ও দৃষ্টিভঙ্গির যে ইতিবাচক পরিবর্তন সাধিত হয় তা' দেশগড়ার কাজে লাগাতে হবে। বুনিয়াদি প্রশিক্ষণ এর প্রধান উদ্দেশ্য হচ্ছে দৃষ্টিভঙ্গি ও আচার ব্যবহারের পরিবর্তন সাধন। পেশাগত ও দৈনন্দিন জীবনে 'সততার চর্চা'র গুরুত্ব সম্পর্কে বলতে গিয়ে তিনি তাঁর সুদীর্ঘ চাকুরিজীবনের বিভিন্ন বাস্তব অভিজ্ঞতার বিবরণ প্রশিক্ষণার্থীদের মাঝে তুলে ধরেন। প্রশিক্ষিত ও দক্ষ মানবসম্পদ দেশের উন্নয়নের হাতিয়ার। ২০৪১ সালে বাংলাদেশকে উন্নত বিশ্বের কাতারে নিতে প্রশিক্ষণের বিকল্প নেই। তিনি বলেন 'অযোগ্যতাই সবচেয়ে বড় দুর্নীতি'। তিনি আরও বলেন 'দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম' প্রায়োগিক গবেষণাটি সফলভাবে বাস্তবায়িত হলে তা শুধু বাংলাদেশ নয়, বিশ্বের অন্যান্য দেশেও দারিদ্র্য বিমোচনে রোল মডেল হিসেবে বিবেচিত হবে। একইসাথে তা মাননীয় প্রধানমন্ত্রীর 'দারিদ্র্যের বিরুদ্ধে যুদ্ধে' তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

# "পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রমের সমাপনী অনুষ্ঠিত

"পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রমের সমাপনী অনুষ্ঠান গত ৯ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে চলমান বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৬৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের 'পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ' শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পাঁচ দিন ব্যাপী (০৫-০৯ ডিসেম্বর, ২০২১) উক্ত সংযুক্তি কার্যক্রমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ পল্লী উন্নয়নের বিভিন্ন তাত্ত্বিক জ্ঞান লাভের পাশাপাশি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া পরিচালিত বিভিন্ন প্রায়োগিক গবেষণা প্রকল্প পরিদর্শন করেন এবং প্রকল্পের সুফলভোগীদের সাথে মতবিনিময় করেন। একাডেমির আইটি ভবন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কোর্স পরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক প্রমুখ।




# অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) এবং জিআরএস অনলাইন ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স

গত ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) এবং জিআরএস অনলাইন ব্যবহার বিষয়ক এক দিনের প্রশিক্ষণ কোর্স পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার আইটি ভবনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সে একাডেমির ৫০ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং সভাপতিত্ব করেন পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান। উক্ত প্রশিক্ষণ কোর্সে জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন) কোর্স পরিচালক ও জনাব শ্যামল চন্দ্র হাওলাদার, উপপরিচালক, কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন।

## প্রশিক্ষণ/পরিদর্শন



গত ৭ এপ্রিল, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং সুইস কন্টাক্টের যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন মেকিং মার্কেট ওয়ার্কস ফর দ্যা চরস্ (এমফরসি) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন শেষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো. মশিউর রহমান এনডিসি, একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ এবং উক্ত প্রকল্পের সুইস কন্টাক্ট অংশের কান্ট্রি ডিরেক্টর জনাব মুজিবুল হাসান সেজান গণমাধ্যমকে তাদের অভিব্যক্তি প্রকাশ করেন।

## 'আর্থিক ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপ্তি

গত ৩০ জানুয়ারি, ২০২২ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার যৌথ উদ্যোগে আয়োজিত পরিকল্পনা বিভাগ ও কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পের আওতায় পাঁচ দিন মেয়াদি 'আর্থিক ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে যুক্ত ছিলেন জনাব মো. সাজেদুল কাইয়ুম দুলাল, অতিরিক্ত সচিব (পিআরএল), পরিকল্পনা মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), আরডিএ, বগুড়া। অনুষ্ঠানে একাডেমির অন্যান্য অনুষদ সদস্যগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণ কোর্সে পরিকল্পনা বিভাগ ও কমিশনের ১০ম গ্রেডের ৩০ (ত্রিশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।



গত ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) এবং জিআরএস অনলাইন ব্যবহার বিষয়ক এক দিনের প্রশিক্ষণ কোর্স পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার আইটি ভবনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সে একাডেমির ৫০ জন কর্মচারী অংশগ্রহণ করেন।

## পিকেএসএফ এর সহযোগী সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ কোর্স

গত ২০ ডিসেম্বর, ২০২১ তারিখে চার দিন ব্যাপী পিকেএসএফ এর সহযোগী সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ কোর্স পিকেএসএফ গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর আর্থিক সহায়তায় Training on Quality Implemntation of Adaptation প্রকল্পের আওতায় ১৯-২২ ডিসেম্বর, ২০২১ মেয়াদে চার দিন ব্যাপী পিকেএসএফ এর সহযোগী সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ কোর্স পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় অনুষ্ঠিত হয়। একাডেমির আইটি ভবনে উক্ত প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ, উপব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ।

## 'আধুনিক মৎস্য চাষ প্রযুক্তি হস্তান্তর' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী

গত ১৩ এপ্রিল, ২০২২ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় পাঁচ দিন মেয়াদি 'আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি হস্তান্তর' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী সম্পন্ন হয়েছে।

উক্ত সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার প্রশিক্ষণ বিভাগের পরিচালক জনাব মো. ফেরদৌস হোসেন খান।

এসময় আরো উপস্থিত ছিলেন জনাব মাকছুদ আলম খান, পরিচালক (প্রকল্প, পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ), জনাব মো. খালিদ আওরংগজেব, পরিচালক (প্রশাসন), জনাব মো. আশরাফুল আলম, সহকারি পরিচালকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

অনুষ্ঠান শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

## প্রশিক্ষণ



*গত ০১ জানুয়ারি, ২০২২ তারিখে জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়ায় ৩৪তম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

# ৩৪তম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কোর্স

গত ০১ জানুয়ারি, ২০২২ তারিখে জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়ায় ৩৪তম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নিলুফা ইয়াছমিন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এবং অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন নেকটার, বগুড়ার পরিচালক (উপসচিব) জনাব মো. শাফিউল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠান শেষে মহাপরিচালক প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বহুমাত্রিক দারিদ্র্য সূচক (এমপিআই) ও চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ে অধিবেশন পরিচালনা করেন। উল্লেখ্য, দেশের বিভিন্ন স্কুল, কলেজ এবং মাদ্রাসা পর্যায়ের ৯২ জন এমপিওভুক্ত শিক্ষক-শিক্ষিকা একমাস মেয়াদি উক্ত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

## 'পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ' শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকার যৌথ উদ্যোগে আয়োজিত নায়েমে অনুষ্ঠানরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের "পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম গত ২৪ অক্টোবর, ২০২১ তারিখে উদ্বোধন করা হয়। ড. মো. নুরুল আমীন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার) এর সভাপতিত্বে অনুষ্ঠিত কোর্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. তাহসিনা আক্তার, পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম, ঢাকা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মো. সাইদুজ্জামান, উপপরিচালক, নায়েম এবং জনাব সায়মা রহমান, সহকারি পরিচালক, নায়েম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ১৬৫তম "পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রমের পরিচালক ও ভারপ্রাপ্ত পরিচালক (খামার প্রযুক্তি) ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ। উক্ত সংযুক্তি কার্যক্রমে ৬০ জন বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তা অংশগ্রহণ করেন। কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মো. মাযহারুল আনোয়ার, উপপরিচালক ও মাশরুফা তানজীন, উপপরিচালক, আরডিএ, বগুড়া।



*বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

# বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

গত ২৭ মার্চ, ২০২২ তারিখে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা এবং পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক আয়োজিত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের ১৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের (২য় ব্যাচ) "পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক ৫ দিন ব্যাপী (২৭মার্চ - ৩১মার্চ ২০২২) অফিস সংযুক্তি কার্যক্রম একাডেমির আইটি ভবনে উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল্লাহ আল মামুন। উক্ত সংযুক্তি কার্যক্রমে আরও উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার প্রশিক্ষণ বিভাগের পরিচালক জনাব মো. ফেরদৌস হোসেন খান, কোর্স সমন্বয়ক হিসেবে উপস্থিত ছিলেন ডা. ফাইজুন নাহার, সহকারি পরিচালক ও জনাব অভিষেক কান্তি বর্মন, সহকারি পরিচালক, আরডিএ, বগুড়া। উক্ত সংযুক্তি কার্যক্রমে মোট ৬০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



*গত ..... , ২০২২ তারিখে টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে আরডিএ, বগুড়ায় ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের শ্রদ্ধা নিবেদন।*

## প্রশিক্ষণ/পরিদর্শন



## সার্ক অঞ্চলের ক্ষুদ্র কৃষকের জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পের সুফলভোগীদের সাথে সার্ক মহাসচিবের মত বিনিময়

গত ৬ জুন, ২০২২ তারিখে সার্ক ডেভেলপমেন্ট ফান্ডের অর্থায়নে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন ক্ষুদ্র পরিসরে কৃষিপণ্য ব্যবসা ও ভ্যালু চেইন উন্নয়নের মাধ্যমে সার্ক অঞ্চলের ক্ষুদ্র কৃষকের জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পের উৎপাদিত পণ্য পরিদর্শন ও সুফলভোগীদের সাথে মত বিনিময় করেন সার্ক মহাসচিব এসালা রোয়ান উইরাকুন। তিনি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও সংশ্লিষ্ট প্রকল্পের ভূয়সী প্রশংসা করেন। উল্লেখ্য প্রকল্পটি বাংলাদেশসহ সার্কভুক্ত ৫টি দেশে একযোগে বাস্তবায়িত হচ্ছে।

## প্রদর্শনী খামারে বিভিন্ন নতুন প্রজাতির বিদেশি ফলের চারা রোপণ



গত ০৩ অক্টোবর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার প্রদর্শনী খামারে বিভিন্ন নতুন প্রজাতির বিদেশি ফলের চারা রোপণ করা হয়। চারা রোপণের মাধ্যমে উক্ত ফল বাগানের শুভ উদ্বোধন করেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। নতুন জাতের মধ্যে রাম্বুটান, অ্যাভাকাডো, ভাগুয়া আনার, কিউই ফল, আলুবোখরা, পার্সিমন (জাপানি), থাই শরিফা, লাল শরিফা, থাই লংগান উল্লেখযোগ্য। বৃক্ষরোপণ কার্যক্রমে উপস্থিত ছিলেন আরডিএ মহিলা ক্লাবের সভাপতি জনাব রুবিনা আক্তার। এসময় একাডেমির পরিচালকবৃন্দ, অনুষদ সদস্যবৃন্দ ও আগত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।




## আরডিএ, বগুড়ায় 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয় কনফারেন্স' অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের যৌথ উদ্যোগে গত ২৮ জুন, ২০২২ তারিখে দিন ব্যাপী 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয় কনফারেন্স' পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়।

উক্ত কনফারেন্সে উপস্থিত ছিলেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শাহ আজম, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ এবং ভার্চুয়াল প্লাটফর্মে যুক্ত ছিলেন রবীন্দ্র গবেষক প্রফেসর শফি আহমেদ। এছাড়াও আরডিএ অনুষদ সদস্যবৃন্দসহ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উক্ত কনফারেন্সে অংশ নেন। উপাচার্য প্রফেসর ড. মো. শাহ আজম এই কনফারেন্স আয়োজনের জন্য আরডিএ, বগুড়া কর্তৃপক্ষের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

একাডেমির মহাপরিচালক তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের আরডিএ, বগুড়ার সবুজ চত্বরে স্বাগত জানান। তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে সংস্কৃতির কাজ হবে মানুষকে জাগিয়ে তোলা, মনুষ্যত্ব বোধের বিকাশে সংস্কৃতি চর্চার বিকল্প নেই। এসময় তিনি বাঙালির দৈনন্দিন জীবনে রবীন্দ্র চর্চার গুরুত্ব তুলে ধরেন এবং পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার উদ্ভাবিত বিভিন্ন মডেল ও প্রযুক্তি সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন।



*গত ১৫ জুন, ২০২২ তারিখে নেপালের কৃষি মন্ত্রাণালয়ের সচিব মেঘ নাথ তিমালসেনা পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার বিভিন্ন কৃষি প্রযুক্তি ও উদ্ভাবিত মডেল পরিদর্শন করেন।*

## ১৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠিত

গত ২৬ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক পরিচালিত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের ১৬৭তম বুনিয়াদি প্রশিক্ষণের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উক্ত ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে খেলাধুলা উদ্বোধন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

## কর্মশালা/সেমিনার/বিবিধ

## ‘এলএসপি এবং কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান প্রশিক্ষণের গুরুত্ব’ বিষয়ক কর্মশালা

গত ১৬ই মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার উদ্যোগে ‘প্রাণিসম্পদ উন্নয়ন ও আত্মকর্মসংস্থানে এলএসপিএবং কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান প্রশিক্ষণের গুরুত্ব’ বিষয়ক দিন ব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান একাডেমির আইটি ভবনে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুন। আরও উপস্থিত ছিলেন ড. মো. নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার), মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন), ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ, পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানিসম্পদ ব্যবস্থাপনা) সহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। কর্মশালা পরিচালনার দায়িত্বে ছিলেন ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, আরডিএ, বগুড়া। কর্মশালার সমন্বয়কের দায়িত্বে ছিলেন ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার এবং জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক, আরডিএ, বগুড়া।

## ‘নমুনায়ন (Sampling) ও নমুনায়ন পদ্ধতির ব্যবহার’ শীর্ষক দিন ব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

গত ০৮ অক্টোবর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার গবেষণা কার্যক্রমে ‘নমুনায়ন (Sampling) ও নমুনায়ন পদ্ধতির ব্যবহার’ শীর্ষক দিন ব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। অতিথি বক্তা ও মূখ্য আলোচক হিসেবে ইপস্থিত ছিলেন জনাব নিলাচল রে, কী এক্সপার্ট, টুইনিং পার্টনার। আরডিএ বগুড়ার সকল অনুষদ সদস্যসহ গবেষণা ও মূল্যায়ন বিভাগের রিসার্চ সুপারভাইজার, ইনভেস্টিগেটর ও টেবুলেটরগণ কর্মশালায় উপস্থিত ছিলেন। গবেষণা কার্যক্রমে নমুনায়নের বিভিন্ন প্রকারভেদ, প্রয়োগ এবং বিভিন টেকনিক বিশদভাবে আলোচনা করা হয়। কর্মশালা পরিচালক ও সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (ভারপ্রাপ্ত), গবেষণা ও মূল্যায়ন এবং জনাব মৌপিয়া আবেদিন, সহকারি পরিচালক।

## বিরল প্রজাতির দেশি-বিদেশি ফলের বাগান স্থাপন



গত ১৯ অক্টোবর, ২০২১ তারিখে আরডিএ, বগুড়ায় চলমান বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পরিবেশ উন্নয়ন কমিটি নতুন নতুন ফলের চারা রোপণের মাধ্যমে বিরল প্রজাতির দেশি বিদেশি ফলের বাগান স্থাপন করেন। যাদের মধ্যে কিউই, থাই লংগান, পার্সিমন ও আলুবোখরা উল্লেখযোগ্য। উক্ত বৃক্ষরোপণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। আরো উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার বিভিন্ন অনুষদ সদস্যবৃন্দ।



*খাদ্য প্রক্রিয়াজাতকরণ কর্মশালায় অংশগ্রহণকারীদের সাথে আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

## ‘খাদ্য প্রক্রিয়াজাতকরণ কর্মশালা’

গত ২৭ অক্টোবর, ২০২১ তারিখে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, ঢাকার বাস্তবায়নে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার সার্বিক সহযোগিতায় আরডিএ, বগুড়ার কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ ইউনিটে এক দিন মেয়াদি ‘খাদ্য প্রক্রিয়াজাতকরণ কর্মশালা’ অনুষ্ঠিত হয়।

উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। সভাপতিত্ব করেন জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। কর্মশালায় এসএমই ফাউন্ডেশনের পক্ষে সমন্বয় করেন জনাব সানজিদা সুলতানা, উপব্যবস্থাপক এবং আরডিএ'র পক্ষে জনাব মনিরুল ইসলাম, সহকারি পরিচালক। কর্মশালায় ২৫ জন উদ্যোক্তা খাদ্য প্রক্রিয়াজাতকরণ বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণ করেন।

## ধুতিচেরা চরে মাঠ দিবস অনুষ্ঠিত

গত ২৬ জানুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি-২) প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার সদর উপজেলার ধুতিচেরা চরে এক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহাপরিচালকের সহধর্মিনী জনাব রুবিনা আক্তার, এমফরসি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, আরডিএ, বগুড়া, জনাব নুরে আলম, বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা ইনস্টিটিউট, বগুড়া এবং জনাব মো. বেলাল উদ্দিন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, গাইবান্ধা। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মো. দেলোয়ার হোসেন, যুগ্মপরিচালক, ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, প্রটোকল অফিসার, জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক এবং জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালকসহ এমফরসি সুইস কন্টাক্টের প্রতিনিধিবৃন্দ এবং প্রকল্পের সুপারভাইজারগণ। মাঠ দিবস কার্যক্রমের প্রথমেই প্রধান অতিথি অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দসহ চরাঞ্চলে উৎপাদিত টমেটো, মিষ্টি কুমড়া, গাজর, বেগুন ও স্কোয়াশসহ বিভিন্ন ফসলের মাঠ পরিদর্শন করেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন ‘চরাঞ্চলে চাষাবাদের অপার সম্ভাবনা রয়েছে। এমফরসি প্রকল্পের মাধ্যমে চরের মানুষকে বিভিন্ন কৃষি উপকরণ সরবরাহকারী কোম্পানির সাথে লিংক করে দেয়া হবে এবং তাদের ফসলাদি বিক্রির ব্যবস্থা করা হবে।’

## পরিদর্শন



*গত ২৯ মার্চ ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের মা মিসেস ফয়েজারা খাতুন 'সেলাই ও হস্তশিল্প' প্রশিক্ষণার্থীদের কর্মকান্ড পরিদর্শন করেন এবং প্রশিক্ষণার্থীদের উদ্বুদ্ধ করেন।*

# কাজ প্রকল্পের আওতায় 'সেলাই ও হস্তশিল্প' বিষয়ক প্রশিক্ষণ কোর্স

আরডিএ, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ' প্রকল্পের আওতায় ১৪ দিন মেয়াদি 'সেলাই ও হস্তশিল্প' বিষয়ক প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। কোর্সটিতে প্রকল্প এলাকার হতদরিদ্র পরিবারের মোট ২৫ জন নারী সুফলভোগী প্রশিক্ষণ গ্রহণ করছেন। গত ২৯ মার্চ, ২০২২ তারিখে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের মা মিসেস ফয়েজারা খাতুন প্রশিক্ষণার্থীদের কর্মকান্ড পরিদর্শন করেন। তিনি বলেন, একজন নারীর পারিবারিক দায়িত্বের বাইরেও অর্থনৈতিক কাজে নিজেকে আত্মনিয়োগ করতে পারে। মহান আল্লাহতায়ালার ওপর ভরসা রেখে যেই কাজ করিনা কেন গুরুত্ব সহকারে তা করা উচিত। তিনি আরও বলেন, আমাদের পারিপার্শ্বিক অবস্থার দ্রুত পরিবর্তন হচ্ছে বিশেষকরে বিনোদন জগতের প্রভাবে অনেকেই বিশেষ করে যারা কিশোরী বয়সে আছে পরিবারের অমতে ভুল সিদ্ধান্ত নিচ্ছে। যেটি কোনভাবেই করা যাবেনা। তিনি এই প্রশিক্ষণ কোর্সের সকল অংশগ্রহণকারীর উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন এবং তারা যেন নিজেদের অবস্থার পরিবর্তনের পাশাপাশি জাতীয় অর্থনীতিতে ইতিবাচক ভূমিকা রাখতে পারেন এই আশা ব্যক্ত করেন। এছাড়াও একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো. ফেরদৌস হোসেন খান, একাডেমির পরিচালক (খামার প্রযুক্তি) ও কোর্স পরিচালক ড. শেখ মেহ্দী মোহাম্মদ এবং একাডেমির সহকারি পরিচালক ও কোর্স সমন্বয়ক জনাব মৌপিয়া আবেদিন উপস্থিত ছিলেন।



*গত ১০ জানুয়ারি, ২০২২ তারিখে আরডিএ, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'পল্লী জনপদ' প্রকল্পের বগুড়াস্থ জামালপুর উপ-প্রকল্প সাইটের অগ্রগতি পরিদর্শন করেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*



*গত ২২মার্চ, ২০২২ তারিখে তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'পল্লী জনপদ' প্রকল্পের কক্সবাজার অঞ্চলের জন্য নির্বাচিত ভূমি পরিদর্শন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।*

# 'পল্লী জনপদ' প্রকল্পের কক্সবাজার অঞ্চলের নির্বাচিত ভূমি পরিদর্শন

গত ২২ মার্চ, ২০২২ তারিখে তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'পল্লী জনপদ' প্রকল্পের কক্সবাজার অঞ্চলের জন্য নির্বাচিত ভূমি পরিদর্শন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। পরিদর্শনকালে তার সাথে ছিলেন একাডেমির উপপরিচালক ও 'পল্লীজনপদ' প্রকল্পের উপ প্রকল্প পরিচালক ইঞ্জিনিয়ার মো. আবিদ হোসেন মৃধা। এছাড়াও আরও উপস্থিত ছিলেন জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালক; জনাব ফখর উদ্দীন তালুকদার, সহকারি পরিচালক এবং জনাব সুস্মিতা তাসনীম, সহকারি পরিচালক। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পটি কক্সবাজার জেলার সদর উপজেলার খুরুশকুল নামক স্থানে ৪.২ একর জমির উপর বাস্তবায়নাধীন।

### মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

(১ম পাতার পর)

আরডিএ, বগুড়ার অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল্লাহ আল মামুনসহ একাডেমির সকল অনুষদ সদস্যবৃন্দ। এরপর পর্যায়ক্রমে আরডিএ, বগুড়ায় প্রশিক্ষণরত বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

সকাল ৮:১৫ মিনিটে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ মাঠে ৫১টি লাল-সবুজ রঙের বেলুন উড়িয়ে স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। সকাল ৮:৩০ মিনিটে মহাপরিচালক কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ শেষে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এরপর একাডেমিতে চলমান বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ও আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার উপর অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। বাদ জোহর একাডেমির জামে মসজিদে বঙ্গবন্ধু, বঙ্গমাতা ও তাঁর পরিবারের শহিদ সদস্যবৃন্দ এবং শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। একাডেমির কর্মকর্তা ও কর্মচারীর সন্তানদের এবং আরডিএ ল্যাবঃ স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সন্ধ্যা ৭টায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

প্রকল্প/প্রায়োগিক গবেষণা

## শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমি, যশোর, প্রতিষ্ঠাকরণ

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসার পিতা এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিতামহ শেখ জহুরুল হক যশোরে চাকুরিকালীন সময়ে এ অঞ্চলের শিক্ষা প্রসারে অদম্য প্রয়াস চালিয়ে গেছেন। মৃত্যুর পর তাঁকে যশোরে সমাহিত করা হয়। শেখ জহুরুল হকের এ উদ্যোগের প্রতি সম্মান জানানোর জন্য যশোরের মনিরামপুর উপজেলার ঠেঁটে কামালপুর ও মাচনা মৌজায় ৫০ (পঞ্চাশ) একর জায়গায় "শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমি, যশোর প্রতিষ্ঠাকরণ" শীর্ষক প্রকল্প ১০ মে, ২০২২ তারিখে জাতীয় অর্থনৈতক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এ মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন প্রদান করেন। প্রকল্পটি জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে মোট ১৯৮.৯৫ কোটি টাকা ব্যয়ে গ্রহণের প্রস্তাব করা হয়। এছাড়া যশোর জেলায় পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠার বিষয়টি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে এ অঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সেই সাথে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠীর জীবনযাত্রার টেকসই উন্নয়নে প্রশিক্ষণের পাশাপাশি গবেষণা, প্রায়োগিক গবেষণা ও পরামর্শ সেবার পরিচালনার মাধ্যমে কৃষি ও শিল্পের ব্যাপক উন্নয়ন ঘটানো সম্ভবপর হবে।

## গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবনবিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ শীর্ষক প্রায়োগিক গবেষণা

### প্রকল্পের মূল উদ্দেশ্য

গ্রামীণ জনগোষ্ঠীর উন্নত আবাসন নিশ্চিতকরণের মাধ্যমে কৃষি জমি অপচয়রোধ, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং জীবনমানের উন্নয়ন করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।



### উল্লেখযোগ্য অর্জন

- পল্লী জনপদ প্রকল্পের আওতায় প্রাথমিক পর্যায়ে দেশের তিন বিভাগের (রংপুর, রাজশাহী এবং ঢাকা বিভাগ) ৩টি এলাকায় বহুতল বিশিষ্ট পল্লী জনপদ ভবন নির্মিত হচ্ছে। যেখানে প্রতিটি ভবনে চার ক্যাটাগরির ফ্ল্যাটে ২৭২টি পরিবার নিরাপদে বসবাসের সুযোগ পাবে। ফলে কৃষি জমির অপচয় রোধ ও সমবায় ভিত্তিক কমিউনিটির মাধ্যমে পল্লী এলাকায় শহরের সুযোগ-সুবিধা সৃষ্টি হবে।
- প্রকল্পের আওতায় রংপুর সদর উপজেলার নিয়ামত, পাভারদিঘী এলাকায় নির্মিত পল্লী জনপদ ভবন ১৬ জুন, ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে শুভ উদ্বোধন ও সুফলভোগী সদস্যদের মাঝে ফ্ল্যাটের চাবি হস্তান্তর করেন। অপর দিকে ঢাকা বিভাগের গোপালগঞ্জ এবং রাজশাহী বিভাগের বগুড়ার পল্লী জনপদ ভবন নির্মাণ কাজ যথাক্রমে ৩০ এবং ৭০ শতাংশ সম্পন্ন করা সম্ভব হয়েছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প হিসেবে এ প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮: 'আমার গ্রাম-আমার শহর: প্রতিটি গ্রামে আধুনিক নগরিক সুবিধা' সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন করবে।



*পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়িত কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্পের আওতায় গত ৯ জুন, ২০২২ তারিখে জামালপুর জেলার ইসলামপুর উপজেলার ৩৩৪টি উপকারভোগীর মাঝে গরু বিতরণ করা হয়।*

## কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প

### প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো হতদরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনের মাধ্যমে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করা। প্রকল্প এলাকার পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে দারিদ্র্য থেকে উন্নীত (Graduation from Poverty) করার মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পটি বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

### উল্লেখযোগ্য অর্জন

- কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক ৩৩ হাজার দারিদ্র্য জনগোষ্ঠীর দারিদ্র্যতা লাঘবে ২৫ হাজার হত দরিদ্রদের মাঝে গরু বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ৬০টি ইউনিয়নে ১৮৩৮৫ টি গরু বিতরণ করা হয়। গরু বিতরণ পরবর্তী প্রতি পরিবার ৬ মাস ৫০০/- টাকা হারে (গবাদিপশু পালনের জন্য) এবং এককালীন গবাদিপশু চিকিৎসা ও প্রজননক্ষম করতে ৩৫০/- টাকা স্ট্যাইপেন্ড/বৃত্তি প্রদান করা হচ্ছে।
- প্রকল্প এলাকার ১১৩৪৫ জন প্রকল্প সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করে দক্ষ জনবলে রূপান্তর করা হয়।
- আট উপজেলার ৮টি স্থানে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ সেন্টার (চাল ও আটা মিল, মধু প্রক্রিয়া, মাছ ও মাংস, সবজি, দুধ চিলিং) স্থাপনের কাজ চলছে।

## প্রকল্প/প্রায়োগিক গবেষণা

### রংপুর ও জামালপুর একাডেমির দায়িত্ব প্রদান



*মো. খালিদ আওরঙ্গজেব*



*মাকছুদ আলম খান*

পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর এবং শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর-এর দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য যথাক্রমে জনাব মো. খালিদ আওরঙ্গজেব, পরিচালক (প্রশাসন) ও জনাব মাকছুদ আলম খান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) কে গত ৩০ জুন, ২০২২ তারিখে দায়িত্ব প্রদান করা হয়।

### "মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্প

এমফরসি-১ম পর্যায় প্রকল্পের ধারাবাহিকতায় SDCI বাংলাদেশ সরকার মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা চরস (এমফরসি-২য় পর্যায়) প্রকল্প গ্রহণ করা হয়। জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৪ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের সামগ্রিক লক্ষ্য হল ৬টি জেলার (উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলের ৫টি এবং দক্ষিণাঞ্চলে ১টি) কমপক্ষে ৭৫,০০০ চর পরিবারের (মহিলা, পুরুষ এবং শিশু) উন্নয়ন ঘটানো এবং তাদের আয় ১৪.৫ মিলিয়ন সুইস ফ্রাঙ্ক বৃদ্ধি করা।

#### উল্লেখযোগ্য অর্জন

ঙ প্রকল্পের আওতায় ০৫ দিন মেয়াদি গাভী পালন ও গরু মোটাতাজাকরণ বিষয় উদ্যোক্তা প্রশিক্ষণ ০৫ দিন মেয়াদি নার্সারি ব্যবস্থাপনা বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ এবং ২০ দিন মেয়াদি হস্তশিল্প ও সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়।

ঙ ৫৬২টি ফসলের প্রদর্শনী স্থাপন এবং ৫৩টি মাঠ দিবস আয়োজন করা হয়, যেখানে ৪,২১৮ জন কৃষক উপস্থিত ছিলেন, এছাড়াও ১৯৪টি প্রোডাক্ট স্যাম্পলিং সম্পন্ন করা হয়।

ঙ ৬টি পোল্ট্রি হ্যাচারিকে সম্পৃক্ত করে ৬৮৭ জন মহিলাকে দেশি মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪৮৩ জন চরের নারী দেশি মুরগি পালনের সাথে যুক্ত হয়ে ১৪,২৬৫টি দেশি মুরগি পালন করেন। এছাড়া ১৪ জন নারী ভ্যাক্সিনেটর (মুরগির জন্য) নিযুক্ত করা হয়।

ঙ প্রকল্পের আওতায় TOS (Trader out grower scheme) কে (চরের ট্রেডার যারা কৃষকদের উৎপাদন ও পণ্য বিক্রি করতে সহায়তা করে থাকেন)সম্পৃক্ত চাষাবাদ এবং প্রাণিসম্পদ ইত্যাদি ক্রয়-বিক্রয় ও উন্নয়নের কার্যক্রম চলছে।

ঙ ফসল সংরক্ষণ ও বিপনন কেন্দ্র (প্রকিউরমেন্ট সেন্টার): এমফরসি প্রকল্পে জামালপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট ও রংপুর জেলায় ১০টি ফসল সংরক্ষণ ও বিপনন কেন্দ্র (প্রকিউরমেন্ট সেন্টার) শুরু হয়েছে।

ঙ চর এলাকায় উৎপাদিত ফসল সংরক্ষণের জন্য জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার হাসেমপুর গ্রামে একটি গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলায় একটি এবং গাইবান্ধার কাউন্সিল বাজারে একটি পোর্টেবল স্টোরেজ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়। রংপুর ও কুড়িগ্রামে ফসল সংরক্ষণের জন্য স্থান নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে।

ঙ চারটি ক্ষুদ্র ঋণ বিতরনকারী প্রতিষ্ঠানের (এনডিপি, এসকেএস, গাক এবং ইএসডিও) মাধ্যমে মে, ২০২২ পর্যন্ত ৩,২০২ জন কৃষক ও ৫৬৮ জন উদ্যোক্তার মাঝে সর্বমোট ২৬.০৫ কোটি টাকা মৌসুমি ঋণ ও উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়।



### পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), রংপুর স্থাপন শীর্ষক প্রকল্প

#### প্রকল্পের মূল উদ্দেশ্য

রংপুর বিভাগের গ্রামীণ জনগোষ্ঠীর টেকসই জীবনযাত্রার মানোন্নয়নের জন্য আরডিএ'র আদলে আরো একটি পূর্ণাঙ্গ পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠা করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

#### উল্লেখযোগ্য অর্জন

- রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন ইকরচালী, কাচনা ও জগদীশপুর মৌজার ৫০ একর জমি অধিগ্রহণ পূর্বক একটি আধুনিকমানের পল্লী উন্নয়ন একাডেমি স্থাপনের কাজ প্রায় সমাপ্তির পর্যায়ে।
- কৃষি ক্ষেত্রে প্রশিক্ষণ ও গবেষণা/প্রায়োগিক গবেষণা প্রয়োগের বাস্তব ক্ষেত্র হিসেবে আরডিএ, বগুড়ার আদলে সাতটি ইউনিট স্থাপনের কাজ প্রায় সমাপ্তির পর্যায়ে।

### সৌরশক্তি ভিত্তিক সেচের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ ও এর বহুমুখী ব্যবহার শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প

#### প্রকল্পের মূল উদ্দেশ্য

সৌরশক্তি নির্ভর গভীর নলকূপ স্থাপন ও দ্বি-স্তর কৃষি প্রযুক্তির বিস্তার/সম্প্রসারণের মাধ্যমে বিদ্যুতের ব্যবহার কমানোসহ একর প্রতি ফলন বৃদ্ধি ও দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ ঘাটতি রোধ এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাই এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

#### উল্লেখযোগ্য অর্জন

প্রকল্পের আওতায় ২৭টি এলাকায় সৌরশক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি মডেল সম্প্রসারণ করা হয়েছে। ফলে খাদ্য নিরাপত্তা অর্জন ও সেচ কাজে বিদ্যুৎ সাশ্রয়ে সহায়ক হিসেবে ভূমিকা রাখছে।

প্রতিটি এলাকায় সেচ ব্যবস্থাপনার (ভূ-গর্ভস্থ সেচ নালা) মাধ্যমে ১৫-২০ একর জমিতে নিরবিচ্ছিন্ন সেচ প্রদানের পাশাপাশি নিকটবর্তী গ্রামে ন্যূনতম ৫০টি পরিবারের মাঝে নিরাপদ খাবার পানি সরবরাহ করা হচ্ছে।

দ্বি-স্তর কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একই জমিতে ধান চাষের পাশাপাশি সবজি জাতীয় ফসল উৎপাদন করে ফসলের নিবিড়তা বৃদ্ধি পেয়েছে।

প্রকল্পের আওতায় ২৭ উপ-প্রকল্প এলাকার মোট ৩,২৭০ জন সুফলভোগী সদস্যকে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তিতে রূপান্তর করা হয়। প্রশিক্ষণ শেষে সদস্যদের অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টির নিমিত্ত ঋণ সুবিধার আওতায় আনা হয়।



*শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুরে।*

## পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর প্রতিষ্ঠাকরণ শীর্ষক প্রকল্প

### প্রকল্পের মূল উদ্দেশ্য

ময়মনসিংহ বিভাগের গ্রামীণ জনগোষ্ঠীর টেকসই জীবনযাত্রার মানোন্নয়নে জামালপুরে একটি পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠা করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

### উল্লেখযোগ্য অর্জন

- জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন শিহাটা ও হরিরামকুল মৌজায় ৫০ একর জমি অধিগ্রহণপূর্বক একটি আধুনিকমানের পল্লী উন্নয়ন একাডেমি স্থাপনের কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়।
- কৃষির বিভিন্ন সাব-সেক্টরে প্রশিক্ষণ ও গবেষণা/প্রায়োগিক গবেষণা ট্রায়েল/বাস্তব প্রয়োগের নিমিত্ত আরডিএ, বগুড়ার আদলে ছয়টি ইউনিট স্থাপন করা হয়।

## সার্ক অঞ্চলে ক্ষুদ্র কৃষকের জীবনমান উন্নয়ন প্রকল্প

প্রকল্পের মূল লক্ষ্য নির্বাচিত প্রকল্প এলাকায় ছোট ছোট প্রসেসিং প্লান্ট স্থাপন এবং পণ্যের প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও উৎপাদিত পণ্যের বাজারজাতকরণে ব্যবস্থা গ্রহণ।

প্রকল্পের উদ্দ্যশ্য হলো- ক্ষুদ্র কৃষকের আয় বৃদ্ধি ও জীবনমান উন্নয়ন, গ্রামীণ নারীর ক্ষমতায়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা।

## ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’ শীর্ষক প্রায়োগিক গবেষণা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত



গত ৯ মার্চ, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার আইডব্লিউএম কনফারেন্স রুমে ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’ শীর্ষক প্রায়োগিক গবেষণা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে অনলাইন জুম প্ল্যাটফর্মে সংযুক্ত ছিলেন যুক্তরাজ্যের ব্রিস্টল ইউনিভার্সিটির স্কুল অফ ইকনোমিকস এর সিনিয়র লেকচারার ও পরিচালক, গ্র্যাজুয়েট স্টাডিজ ড. রাবেয়া খাতুন। উক্ত সভায় সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এছাড়াও উপস্থিত ছিলেন ড. মো. নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার), জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন), ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ, পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানি ব্যবস্থাপনা) ও ড. শফিকুর রশিদ, যুগ্মপরিচালকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

বগুড়ার শেরপুর উপজেলার কালশীমাটি গ্রামকে ‘দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম’-এ রূপান্তরে ড. রাবেয়া খাতুন বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা ও মূল্যবান পরামর্শ প্রদান করেন। এসময় একাডেমির মহাপরিচালক কালশীমাটি গ্রামে প্রায়োগিক গবেষণার গবেষণা পদ্ধতি এবং বিভিন্ন আয়বর্ধনমূলক ও উদ্বুদ্ধকরণ কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য হ্রাসের সার্বিক অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন।



*গত ২০ এপ্রিল, ২০২২ তারিখে মহামান্য সুইস এম্বাসেডর নাতালি সুয়ার্ড তিন দিনের সফরে বাংলাদেশের উত্তরাঞ্চলের চরে বসবাসরত অধিবাসীদের জীবন ব্যবস্থা ও চলমান এমফরসি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন এবং আরডিএ মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের সাথে মত বিনিময় করেন।*

## আরডিএ, বগুড়ায় ‘কৃষিবিদ দিবস, ২০২২’ পালিত

কৃষিবিদ দিবস ২০২২ উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পক্ষ থেকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

> "বঙ্গবন্ধুর অবদান, কৃষিবিদ ক্লাস ওয়ান"

এ সময় উপস্থিত ছিলেন কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশের বগুড়া জেলা শাখার সাধারণ সম্পাদক ড. সমীর কুমার সরকার, পরিচালক (কৃষিবিজ্ঞান) ও একাডেমির অন্যান্য কৃষিবিদ অনুষদ সদস্যবৃন্দ ।

প্রায়োগিক গবেষণা

# মডেল বাড়ি ‘ভালোবাসা’ হস্তান্তর

দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম শীর্ষক প্রায়োগিক গবেষণার আওতাভুক্ত কালশীমাটি গ্রামে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের নিজস্ব অর্থায়নে নির্মিত মডেল বাড়ি ‘ভালোবাসা’ এর হস্তান্তর অনুষ্ঠান গত ১৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে সকাল ১১:০০টায় কালশীমাটি গ্রামে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বগুড়ার জেলার শেরপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব মো. ময়নুল ইসলাম এবং শেরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব মো. শহিদুল ইসলাম। এ অনুষ্ঠানে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার সকল অনুষদ সদস্য, কর্মচারীগণ এবং গ্রামের গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।



*গত ১৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম শীর্ষক প্রায়োগিক গবেষণার আওতাভুক্ত কালশীমাটি গ্রামে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ তাঁর নিজস্ব অর্থায়নে নির্মিত মডেল বাড়ি ‘ভালোবাসা’ এর দলিল হস্তান্তর করেন।*

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীকে স্মরণীয় করে রাখতে দারিদ্র্য বিমোচন ও আঞ্চলিক বৈষম্য হ্রাসকরণে একাডেমির মহাপরিচালক জনাব খলিল আহমদের উদ্যোগ ও ঐকান্তিক প্রচেষ্টায় একাডেমির “দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম” বিষয়ক প্রায়োগিক গবেষণা পরিচালিত হচ্ছে। প্রাথমিক পর্যায়ে গবেষণাটি দেশের জামালপুর, বগুড়া ও রংপুর জেলার তিনটি গ্রামে পাইলট আকারে স্বল্প পরিসরে কিছু কার্যক্রম শুরু করা হয়েছিল। বগুড়ার কালশীমাটি গ্রামে ডিজিটাল পদ্ধতিতে বেজলাইন সার্ভে করে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বহুমাত্রিক দারিদ্র্য সূচক (এমপিআই) বিশ্লেষণ করে দরিদ্র পরিবার চিহ্নিত করা হয়েছে। এমপিআই স্কোর অনুসারে হতদরিদ্র হিসেবে চিহ্নিত মোছা. হাজেরা খাতুন (স্বামী- মো. আবুল কাশেম, গ্রাম-কালশীমাটি, উপজেলা-শেরপুর, জেলা-বগুড়া) এবং তার ছেলে জাহিদুলকে নবনির্মিত আরসিসি দেয়াল নির্মিত পাকা বাড়ি ‘ভালোবাসা’ হস্তান্তর করা হয়। হাজেরা খাতুনের ছেলে জাহিদুলের নিকট হতে এই মর্মে অঙ্গীকার গ্রহণ করা হয়, এই বাড়িতে তার মাকে আমৃত্যু রাখতে হবে।

একাডেমির মহাপরিচালকের নেতৃত্বে গৃহহীন পরিবারের মাঝে তাদের নিজস্ব বাস্তুভিটায় টেকসই ও স্বল্প খরচে মেরামতযোগ্য বাসস্থান বিনির্মাণে মডেল উদ্ভাবনের লক্ষ্যে বিভিন্ন প্রযুক্তির নির্মাণ সামগ্রী (স্টোন চিপস/স্টোন চিক চিপস) ব্যবহার করে আরসিসি ভবন নির্মাণ বিষয়ে প্রায়োগিক গবেষণা পরিচালিত হচ্ছে। ভবনগুলি বাস্তবতার নিরিখে টেকসই ও স্থায়িত্ব বিবেচনায় সুদৃঢ়।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার উদ্ভাবিত “স্বল্প ব্যয়ে আরসিসি নির্মিত বাড়ি” উপহার হিসেবে হস্তান্তরের উদ্দেশ্য হচ্ছে মাননীয় প্রধানমন্ত্রীর “পাকা বাড়ি উপহার” বিশ্বনন্দিত এ মানবিক উদ্যোগের পাশাপাশি দেশের বিত্তবান সমাজ যেন এগিয়ে আসে এবং নিজস্ব অর্থায়নে গৃহহীনদের জন্য সাহায্য হিসেবে বিনামূল্যে গৃহ হস্তান্তরে আগ্রহী হয়। এছাড়া গ্রামে অনেক বিত্তবান পরিবার স্বাস্থ্যসম্মত নয় এমন কুঁড়ে ঘরে বাসবাস করেন, যা এসডিজির উদ্দেশ্য বাস্তবায়নের সাথে সঙ্গতিপূর্ণ নয়। আরডিএ উদ্ভাবিত ‘স্বল্প ব্যয়ে মডেল বাড়ি’ নির্মাণের উদ্দেশ্য হচ্ছে নিম্নবিত্ত থেকে উচ্চবিত্তের মানুষের মানসিকতার পরিবর্তন ঘটানো এবং একই সাথে এসডিজি বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখা। বাড়ি নির্মাণের ফলে এ ধরণের বাড়ি নির্মাণের ফলে এমপিআই-এর ১০টি সূচকের মধ্যে পাঁচটি সূচকের (যেমন: উন্নত বাড়ি, উন্নত সেনিটারি ব্যবস্থা, বিদ্যুৎ সুবিধা, বিশুদ্ধ পানি এবং উন্নত চুলা) উদ্দেশ্য বাস্তবায়ন করা সম্ভব।

একাডেমির মহাপরিচালক বাড়িটির নাম দিয়েছেন ‘ভালোবাসা’। ‘ভালোবাসা’ বাড়িটি মোট ৫৬৩.২০ বর্গফুট আয়তনবিশিষ্ট আরসিসি ভবন, অর্থাৎ বাড়িটির সম্পূর্ণ দেওয়াল ঢালাই করা যেখানে ইট ব্যবহার করা হয়নি। নির্মাণ সামগ্রী হিসেবে ইটের খোয়া, বালি, সিমেন্ট এবং এমএস বার (রড) ব্যবহার করা হয়েছে। সিমেন্ট, বালি ও খোয়ার অনুপাত ১:২:৪ এবং ৫০০W এমএসবার (রড) ব্যবহার করা হয়েছে যার Tensile Strength ৭২০০০ পিএসআই। জানালাগুলি থাই এ্যালুমিনিয়াম এবং দরজাগুলি মাইল স্টিল সিট নির্মিত। বাড়ির সকল রুমের মেঝে রেড অক্সাইড সম্বলিত নেট সিমেন্ট ফিনিসিং করা। এই বাড়িতে নতুন করে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় এবং ডিপ টিউবওয়েল ও পানির ট্যাংকের ব্যবস্থা করা হয়। ‘ভালোবাসা’ বাড়িটিতে দু’টি শোবার ঘর (১০' × ১১'); একটি ড্রইং কাম-ডাইনিং রুম (৯'-১.৫" × ১৭'); একটি রান্নাঘর (৯'-১.৫" × ৬'); একটি বাথরুম (৬'-৪.৫"× ৫') এবং একটি বারান্দা (৪'-৩.৫" × ৯'-৫") রয়েছে।

## মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস প্রকল্পের আওতায় কৃষক সভা অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি, ২য় পর্যায়) প্রকল্পের আওতায় গত ১৪ নভেম্বর, ২০২১ তারিখে গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলার হাটবাড়ী চরে এক কৃষক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন এমফরসি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক, আরডিএ, বগুড়া। উপস্থিত ছিলেন সুইস কন্টাক্টের কনসালটেন্ট এবং প্রতিনিধিবৃন্দ। উক্ত সভায় আরও উপস্থিত ছিলেন এসকেএস, ইডকোল (IDCOL) ও ইউনাইটেড সীড কোম্পানীর প্রতিনিধিবৃন্দ। সভা শেষে প্রকল্পের চলমান কার্যক্রম যেমন দেশি মুরগি পালন, উন্নত জাতের ঘাস চাষ, বাণিজ্যিক ভিত্তিতে বীজতলা স্থাপন ও উন্নত জাতের ফসল চাষ পরিদর্শন করা হয়। এছাড়াও চরের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে ভবিষ্যৎ পরিকল্পনা করা হয়।

## পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

(শেষ পৃষ্ঠার পর)

বাদ জোহর একাডেমির জামে মসজিদে এক দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এরপর সকলের অংশগ্রহণে মধ্যাহ্ন ভোজের মধ্য দিয়ে কার্যক্রমের সমাপ্তি হয়। পল্লি এলাকায় দারিদ্র্য বিমোচনের লক্ষ্য নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠার শুরু থেকেই প্রশিক্ষণ, গবেষণা, প্রায়োগিক গবেষণা ও পরামর্শ প্রদানের পাশাপাশি পল্লি এলাকায় দারিদ্র্য বিমোচন ও প্রান্তিক জনগোষ্ঠীর সার্বিক জীবনমান উন্নয়নে সাফল্যের সাথে কাজ করে যাচ্ছে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

প্রায়োগিক গবেষণা/গবেষণা



গত ২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং সুইসকন্ট্যাক্ট, বাংলাদেশের ক্ষুদ্র ঋণ সংস্থাদের সম্মেলন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ

## বগুড়ায় মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফরসি)-২ প্রকল্পের উদ্যোগে ক্ষুদ্র ঋণ সংস্থার সাথে সম্মেলন সভা অনুষ্ঠিত

গত ২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং সুইসকন্ট্যাক্ট, বাংলাদেশের ক্ষুদ্র ঋণ সংস্থাদের সাথে একটি সম্মেলন সভার আয়োজন করে। সভায় অংশগ্রহণকারী সংস্থাদের এমফরসি-২ প্রকল্পের বিষয়ে এবং চরাঞ্চলে ক্ষুদ্র ঋণ প্রদানের সম্ভাব্য সুযোগ নিয়ে অবহিত করা হয়। সভাটিতে চর এলাকায় এমফরসির সহযোগিতায় মৌসুমি কৃষি ও ক্ষুদ্র ব্যবসার ঋণ বিতরণকারী সংস্থা এনডিপি, এসকেএস, ইএসডিও, জিইউকে-গাইবান্ধা, আরডিআরএস-বাংলাদেশ, গাক, পদক্ষেপ, এসডিএস, নজির, ব্যুরো বাংলাদেশ সহ বিভিন্ন ক্ষুদ্র ঋণ সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। উপস্থিত ক্ষুদ্র ঋণ সংস্থার প্রতিনিধিগণ চর এলাকায় মৌসুমি কৃষি ও ক্ষুদ্র ব্যবসার ঋণ নিয়ে কাজ করার আগ্রহ প্রকাশ করেন এবং চরাঞ্চলে দরিদ্র কৃষকদের মাঝে ফসল চাষ, গরু মোটাতাজাকরণ, ছাগল পালনে মৌসুমি ও ক্ষুদ্র ব্যবসার ক্ষুদ্র ঋণ বাস্তবায়নের সুযোগ, সম্ভাবনা এবং বাধা প্রসঙ্গে মতবিনিময় করেন। এমফরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্পটি দেশের দক্ষিণ ও উত্তর- পশ্চিমাঞ্চলে 'জুলাই ২০২০ হতে জুন' ২০২৪ পর্যন্ত ছয়টি জেলার (গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর, জামালপুর ও শরিয়তপুর) নতুন এলাকার চরাঞ্চলের চরবাসীদের সার্বিক অর্থনৈতিক উন্নতি, বাজারের সঙ্গে যোগাযোগ, কর্মসংস্থান সৃষ্টি এবং প্রাকৃতিক বিপর্যয় থেকে উদ্ধার হওয়ার বিভিন্ন কৌশল রপ্ত করার কাজ করছে। উল্লেখ্য, প্রকল্পটির প্রথম পর্যায় মে ২০১৩ হতে ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত হয়েছে এবং এর মাধ্যমে ১২৪,০০০ চর পরিবার উপকৃত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জনাব ড. আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং জনাব মো. আব্দুল আউয়াল, টিম লিডার, এমফরসি-২ প্রকল্প। সভায়, সভাপতিত্ব করেন ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক, যুগ্মপরিচালক ও প্রকল্প পরিচালক, এমফরসি-২ প্রকল্প। আলোচনা শেষে এমফরসি-২ প্রকল্পের সহায়তা এবং ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে চরাঞ্চলে বসবাসরত দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের জীবিকার মানোন্নয়নের অঙ্গীকারের মধ্য দিয়ে সভাটি সমাপ্ত হয়।

## 'গবেষণা প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা' শীর্ষক দিন ব্যাপী কর্মশালা

গত ১৬ মে, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার '২০২১-২০২২ অর্থবছরে গৃহীত গবেষণা প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা' শীর্ষক দিন ব্যাপী কর্মশালা আরডিএ, বগুড়ার আইডব্লুএম সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

## 'দারিদ্র্য মুক্ত মডেল গ্রাম' প্রকল্পের আওতায় ছাগল বিতরণ ও বীমা ব্যবস্থার প্রচলন

গত ১ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য মুক্ত মডেল গ্রাম' শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের আওতায় বগুড়া জেলার শেরপুর উপজেলাস্থ গাড়িদহ ইউনিয়েনের কালশীমাটি গ্রামের আটটি দরিদ্র পরিবারকে দুটি করে ছাগল বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স লিমিটেড এবং একাডেমির যৌথ আয়োজনে বিতরণকৃত ছাগলের জন্য বীমা ব্যবস্থার প্রচলন করা হয়। উক্ত অনুষ্ঠানে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ উপস্থিত থেকে দরিদ্র পরিবারের মাঝে ছাগল এবং বীমা সুবিধার পলিসি বিতরণ করেন। এ সময় একাডেমির পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার) ড. মো. নুরুল আমিন, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) ও জনাব মো. মিজানুর রহমানসহ একাডেমির অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



গত ৩ ডিসেম্বর, ২০২১ তারিখে বগুড়া জেলার শেরপুর উপজেলার কালশীমাটি গ্রামে হাইব্রিড পেঁপের চারা (তাইওয়ান কিং) বিতরণ করেন আরডিএ, বগুড়ার পরিচালক (কৃষি বিজ্ঞান) ড. সমীর কুমার সরকার।

## কালশীমাটি গ্রামে হাইব্রিড পেঁপের চারা (তাইওয়ান কিং) বিতরণ

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম শীর্ষক গবেষণার আওতায় গত ৩ ডিসেম্বর, ২০২১ তারিখে বগুড়া জেলার শেরপুর উপজেলার কালশীমাটি গ্রামে হাইব্রিড পেঁপের চারা (তাইওয়ান কিং) বিতরণ এবং নলকূপের পানি পরীক্ষার রিপোর্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পরিচালক (কৃষি বিজ্ঞান) ড. সমীর কুমার সরকার। উপস্থিত ছিলেন জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন বিভাগ) ও জনাব নূর মোহাম্মদ, সহকারি পরিচালকসহ সংশ্লিষ্ট রিসার্চ সুপারভাইজার ও ইনভেস্টিগেটরবৃন্দ।

উল্লেখ্য যে, উক্ত অনুষ্ঠানের মাধ্যমে ৩০০ দরিদ্র পরিবারের মাঝে ৩,০০০টি চারা বিতরণ করা হয়।

## অর্জন/বিবিধ



### আরডিএ, বগুড়ায় সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারি পরিচালকবৃন্দের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন

গত ২৮ নভেম্বর, ২০২১ তারিখে সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারি পরিচালক পদে দশজন এবং মেডিকেল অফিসার পদে একজন কর্মকর্তা পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যোগদান করেন। যোগদানের আনুষ্ঠানিকতা শেষে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদের নেতৃত্বে নবযোগদানকৃত ১১ জন কর্মকর্তা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর সকাল ১১:০০ টায় মহাপরিচালকের সভাপতিত্বে একাডেমির অনুষদ সদস্যদের সাথে নবযোগদানকৃত কর্মকর্তাদের একটি পরিচিতি সভার আয়োজন করা হয়। সভার শুরুতে মহাপরিচালক পরিচালক পদে সদ্য পদোন্নতিপ্রাপ্ত জনাব মো. মিজানুর রহমান, পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) এবং ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ, পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানিসম্পদ ব্যবস্থাপনা) সহ নবযোগদানকৃত এগার জন কর্মকর্তাকে ফুল দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সভায় মহাপরিচালক নবযোগদানকৃত কর্মকর্তাদের গবেষণাধর্মী দক্ষতা বৃদ্ধি, উচ্চশিক্ষা গ্রহণ ও দক্ষ প্রশিক্ষক হিসেবে নিজেকে গড়ে তোলার পরামর্শসহ বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।

### শেরে বাংলা গোল্ডেন এ্যাওয়ার্ড-২০২২ অর্জন



পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার উপপরিচালক ও পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবঃ স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব শেখ শাহ্‌রিয়ার মোহাম্মদ শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য শেরে বাংলা গোল্ডেন এ্যাওয়ার্ড-২০২২ এ ভূষিত হয়েছেন। তিনি গত ১১ জুন, ২০২২ তারিখে বাংলাদেশ ওয়েলফেয়ার ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকায় ইকোনমিক রিপোর্টার্স ফোরামের মিলনায়তনে মাননীয় বিচারপতি জনাব খাদেমুল ইসলাম চৌধুরীর নিকট থেকে এই পুরস্কার গ্রহণ করেন।



### আরডিএ, বগুড়ার মহাপরিচালককে সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা

গত ২০ নভেম্বর, ২০২১ তারিখে কৃষি অর্থনীতিবিদ সমিতির পক্ষ হতে জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আরডিএ, বগুড়াকে সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা জানান জনাব সাজ্জাদুল হাসান, সভাপতি, কৃষি অর্থনীতিবিদ সমিতি ও সিনিয়র সচিব, চেয়ারম্যান, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং সাবেক সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন একাডেমির যুগ্মপরিচালক ড. মো. আব্দুল মজিদ প্রামাণিক এবং জনাব মো. দেলোয়ার হোসেন।

### আরডিএ, বগুড়ার নয়া অতিরিক্ত মহাপরিচালককে সংবর্ধনা



*পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার নয়া অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল্লাহ আল মামুনকে সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা জানান আরডিএ মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ ও অনুষদ সদস্যবৃন্দ।*

### বাংলাদেশ স্কাউটস এর 'উড ব্যাজ' এ্যাওয়ার্ড অর্জন



পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার প্রটোকল অফিসার ডা. মোহাম্মদ রিয়াজুল ইসলাম, বাংলাদেশ স্কাউটস এর স্কাউট শাখায় এবং জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক কাব শাখায় উড ব্যাজ এ্যাওয়ার্ড অর্জন করেন। গত ২৩ মার্চ, ২০২২ তারিখে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়ায় তাদেরকে এ্যাওয়ার্ড পরিয়ে দেয়া হয়।

অর্জন

## ড. সমীর কুমার সরকারের 'মহাত্মা গান্ধী' পুরস্কার অর্জন



টেকসই পল্লী উন্নয়নে অবদান রাখার জন্য পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পরিচালক ড. সমীর কুমার সরকারকে গত ১৩ মার্চ, ২০২২ তারিখে ভারতের উত্তর ২৪ পরগনায় আন্তর্জাতিক সেমিনারে 'মহাত্মা গান্ধী' পুরস্কার প্রদান করা হয়।

## ইনোভেশন এ্যাওয়ার্ড অর্জন



*মো. ফেরদৌস হোসেন খান*



*অসীম কুমার সরকার*

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ২০২১-২০২২ অর্থবছরে উদ্ভাবনী কাজের স্বীকৃতি স্বরূপ জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) ও জনাব অসীম কুমার সরকার, উপপরিচালককে 'ইনোভেশন এ্যাওয়ার্ড ২০২১-২০২২' প্রদানের জন্য মনোনীত করা হয়।

### কৃষি প্রযুক্তি মেলা-২০২২



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত বগুড়া জেলার শেরপুর উপজেলায় তিন দিন ব্যাপী (৪-৬ জুন, ২০২২) কৃষি প্রযুক্তি মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া সার্বিকভাবে প্রথম পুরস্কার অর্জন করে। একাডেমীর পক্ষ থেকে পুরস্কার গ্রহণ করেন আরডিএ, বগুড়ার উপপরিচালক জনাব মোছা. রেবেকা সুলতানা ও সহকারি পরিচালক ফখরউদ্দিন তালুকদার।

## পুরস্কার অর্জন



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়ার রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে সৃজনশীল কাজের স্বীকৃতি স্বরূপ ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ড. নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার) কে 'মহাপরিচালক এ্যাওয়ার্ড' প্রদান করা হয়।





জনাব মো. জাহিদুল হক চৌধুরী, প্রকল্প পরিচালক (উপসচিব), কাজ প্রকল্প, জনাব মাশরুফা তানজীন, উপপরিচালক, জনাব মো. আশরাফুল আলম, সহকারি পরিচালককে 'মহাপরিচালক এ্যাওয়ার্ড' প্রদান করা হয়।



'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' গড়ার প্রত্যয় এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার অভিলক্ষ্যে সততা, উদ্ভাবন, পেশাগত জ্ঞান ও দক্ষতাসহ শুদ্ধাচার চর্চা বিষয়ক বিভিন্ন সূচকে সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জনের স্বীকৃতি স্বরূপ ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাদের মধ্যে জনাব মো. খালিদ আওরংগজেব, পরিচালক (প্রশাসন), ১০ম-১৬তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে জনাব মো. আব্দুল খালেক সরকার, প্রধান সহকারী, ১৭তম-২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে জনাব নিত্যানন্দ দাস, প্রধান মালিকে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়। গত ১৩ জুন, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ পুরস্কার বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সম্মাননা সনদ তুলে দেন।

## শোকবার্তা

### সাবেক মহাপরিচালক ও পরিচালনা পর্ষদ সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব মো.আব্দুর রহিম এর মৃত্যুতে আরডিএ পরিবার গভীরভাবে শোকাহত



*মরহুম আব্দুর রহিম*

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার সাবেক মহাপরিচালক ও পরিচালনা পর্ষদ সদস্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব বীর মুক্তিযোদ্ধা জনাব মো. আব্দুর রহিম হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ০১ অক্টোবর, ২০২১ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। তাঁর মৃত্যুতে আরডিএ পরিবার গভীরভাবে শোকাহত। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়েসহ বহু আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। ঐদিন বাদ এশা বগুড়া শহরের ভাইপাগলা মাজারে মরহুমের নামাজে জানাজা শেষে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। মরহুম আব্দুর রহিম বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার আন্দরবাড়ী গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা মরহুম আব্দুর রাজ্জাক মাস্টার একজন স্কুল শিক্ষক ছিলেন।

মরহুম আব্দুর রহিম ১৯৯৯ সালের ১৫ আগস্ট থেকে ২০০২ সালের ২০ আগস্ট পর্যন্ত পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক হিসেবে দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি অবসর গ্রহণের পর পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে আমৃত্যু দায়িত্ব পালন করেন। মৃত্যুকালীন তিনি বগুড়া জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেন।

তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ সহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে ও মরহুমের রুহের মাগফিরাত কামনা করে বিভিন্ন সংগঠন ও বিভিন্ন শ্রেণি পেশার বিশিষ্ট ব্যাক্তিবর্গ বিবৃতি প্রদান করেন।

## দুইজন সহকর্মীর শেষ কর্মদিবস

দীর্ঘ কর্মজীবন সফলতার সাথে সমাপ্ত করে গত ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখে হতে অবসর-উত্তর ছুটিতে গেলেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার প্রধান মালি জনাব মো. আনসার আলী এবং নিরাপত্তা প্রহরী জনাব মো. শাহজাহান আলী। দুইজন সহকর্মীর শেষ কর্মদিবসে আয়োজিত একটি অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ তাদের অবসরোত্তর জীবনের মঙ্গল কামনা করেন এবং অবসর-উত্তর জীবনে সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন। একাডেমির পরিচালকবৃন্দসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।





## অবসরজনিত বিদায় অনুষ্ঠান

গত ১৩ ডিসেম্বর, ২০২১ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ৪ জন অফিস সহায়কের অবসরজনিত বিদায় অনুষ্ঠান একাডেমির আইডব্লিউএম সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এছাড়াও উক্ত অনুষ্ঠানে একাডেমির পরিচালকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বিদায় সংবর্ধনায় তাদের অবসর-উত্তর জীবনে সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।



*অবসর গ্রহণকারী অফিস সহায়কদের সাথে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ*

## বগুড়া কর্মচারী বহুমুখী সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা-২০২১

পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া কর্মচারী বহুমুখী সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা-২০২১ গত ০৯ ডিসেম্বর, ২০২১ তারিখে একাডেমির ইনডোর স্পোর্টস সেন্টারে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ।

## ভ্যাটিকান সিটিতে আসাফ-উদ-দৌলার চিত্র প্রদর্শনী



গত ০১ নভেম্বর, ২০২১ তারিখে ভ্যাটিকান সিটিতে আরডিএ'র ফটোগ্রাফার জনাব আসাফ-উদ-দৌলার চিএ প্রদর্শনী হয়।

## আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ



### এসএসসি-২০২১ এর ফলাফল

এসএসসি-২০২১ এর ফলাফল প্রকাশিত হয়েছে। পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুলের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের মোট ২৫০ জন পরীক্ষার্থী এবারের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে A+ পেয়েছে ২১৭ জন। A পেয়েছে ৩২ জন এবং A- পেয়েছে ০১ জন। পাসের হার ১০০%।

# এসএসসি ২০২১ শিক্ষাবর্ষের কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত

গত জানুয়ারি, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের এসএসসি ২০২১ শিক্ষাবর্ষের কৃতী শিক্ষার্থীদের জন্য একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আব্দুল্লাহ আল মামুন, পরিচালক (সামাজিক বিজ্ঞান), আরডিএ, বগুড়া, জনাব মো. ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) আরডিএ, বগুড়া এবং ড. মো. শফিকুর রশিদ, যুগ্মপরিচালক, আরডিএ ও রেক্টর, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন একাডেমী স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব শেখ শাহ্‌রিয়ার মোহাম্মদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ থেকে এসএসসি-২০২১ সালের সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী ময়ুখ প্রামাণিকের রত্নগর্ভা মা। আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ, বগুড়া থেকে ২০২১ সালের এসএসসি পরীক্ষায় ময়ুখ প্রামাণিক ১,৩০০ নম্বরের মধ্যে সর্বোচ্চ ১,২৭০ নম্বর পেয়েছে।

অনুষ্ঠানে আরডিএ মহাপরিচালক অভিভাবক এবং শিক্ষার্থীদের সাথে সরাসরি মতবিনিময় করেন। সেখানে তিনি শিক্ষার্থীদের ভবিষ্যতের স্বপ্নের কথা জানতে চান। তাদের প্রত্যাশা ও ইচ্ছার কথা আগ্রহ নিয়ে জানেন।

মহাপরিচালক শিক্ষার্থীদের জানান ভবিষ্যতের এই পৃথিবী অনেক চ্যালেঞ্জের হবে। সেখানে আমাদেরকে, এই বাংলাদেশকে এবং আমাদের নতুন প্রজন্মকে টিকে থাকতে হলে সেখানে তথ্য, বিজ্ঞান ও প্রযুক্তির কোন বিকল্প নেই। তিনি বলেন, আমাদের জ্ঞানভিত্তিক সমাজ ও রাষ্ট্র বিনির্মাণের মাধ্যমে পরিবর্তিত বিশ্ব ব্যবস্থায় টিকে থাকতে হলে কারিগরি জ্ঞানের কোন বিকল্প নেই। চতুর্থ শিল্প বিপ্লবের যে সম্ভাবনা ও চ্যালেঞ্জ আছে তার জন্য এখন থেকেই আমাদের প্রস্তুতি নিতে হবে। উচ্চ শিক্ষায় বিষয় নির্বাচনের ক্ষেত্রে সতর্ক হতে হবে। সামাজিক পরিবর্তনের এই যুগে রোবোটিক্স, কোয়ান্টাম ফিজিক্স, আইওটি, ক্রিপটো কারেন্সি এই নতুন নতুন বিষয়ের ও ন্যানোটেকনোলজি, কৃত্তিম বুদ্ধিমত্তা এই বিষয়ে আমাদের নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে।

এবারের এসএসসি ২০২১ সালের পরীক্ষায় আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ হতে মোট ২৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে এর মধ্যে বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ২১০ জন। মানবিক বিভাগে ছিল ৩২ জন এবং বাণিজ্য বিভাগের মোট পরীক্ষার্থী ছিলো ৮ জন। এরমধ্যে, 'এ+' পেয়ে উত্তীর্ণ হয় ২১৭ জন (৮৬. ৮%), 'এ' পেয়ে ৩২ জন (১২.৮%) এবং 'এ-' পায় মাত্র এক জন (০.৪%)। উল্লেখ্য, এসএসসি- ২০২১ পরীক্ষায় সর্বমোট ১,৩০০ নম্বরের মধ্যে আরডিএ স্কুল এন্ড কলেজ হতে নয় জন শিক্ষার্থী ১,২৫০ ও এর বেশি নাম্বার পেয়ে পাশ করে। এর মধ্যে দুই জন মেয়ে। পরবর্তীতে মহাপরিচালক সকল কৃতি শিক্ষার্থীদের মাঝে স্মৃতি স্মারক হিসেবে ক্রেস্ট উপহার দেন এবং সেই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা 'অসমাপ্ত আত্মজীবনী' বই এবং ফুল দিয়ে প্রত্যেক শিক্ষার্থীকে সংবর্ধনা প্রদান করেন।





পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবঃ স্কুল এন্ড কলেজ স্কাউট গ্রুপ, বগুড়া থেকে এ বছর ১১ জন প্রেসিডেন্ট'স স্কাউট এ্যাওয়ার্ড অর্জন করে। সেই গর্বিত স্কাউটরা হলো- ১) আবু সায়েম শিফাত ২) মাজহারুল ইসলাম ৩) এস, এ মাহমুদ পলক ৪) জাদিয়া সুলতানা জেরিন ৫) সাইমা ফাইজে সাবাবা ৬) আতিয়া সুলতানা সোমা ৭) স্বীকৃতী আকন্দ ৮) লামইয়া সুলতানা বুশরা ৯) আসিফা খাদিজা অথী ১০) রাইসা ইবনাত ১১) সাবরিনা হক রিচি। এ প্রতিষ্ঠান থেকে (২০০৬ সাল হতে ২০২০ সাল পর্যন্ত ) মোট ৮৬ জন প্রেসিডেন্টস স্কাউট অর্জন করে।

# আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ার ‘ইন্টারন্যাশনাল স্কুল এ্যাওয়ার্ড অর্জন’

ব্রিটিশ কাউন্সিল কর্তৃক পরিচালিত ‘কানেকটিং ক্লাসরুম’ প্রকল্পে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ গত ১৯ মে, ২০২২ তারিখে ব্রিটিশ কাউন্সিল কর্তৃক ঘোষিত সর্বোচ্চ সম্মানসূচক পুরস্কার “ইন্টারন্যাশনাল স্কুল এ্যাওয়ার্ড” ২য় মেয়াদে (২০২২-২০২৪) অর্জন করে। ছাত্র-ছাত্রীদেরকে বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ ১০টি দেশ রোমানিয়া, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, ভারত, নেপাল, পাকিস্তান, তাইওয়ান, মিশর, ইন্দোনেশিয়া ও শ্রীলংকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে কাজ করে।



*ব্রিটিশ কাউন্সিল কর্তৃক পরিচালিত ‘কানেকটিং ক্লাসরুম’ প্রকল্পে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ “ইন্টারন্যাশনাল স্কুল এ্যাওয়ার্ড” ২য় মেয়াদে (২০২২-২০২৪) অর্জন করে।*

এ কার্যক্রমটি পরিচালনায় ইন্টারন্যাশনাল কো-অর্ডিনেটর হিসেবে জনাব মো. বেলাল হোসেন, প্রভাষক (ইংরেজি) বিভিন্ন শ্রেণির শিক্ষার্থী ও বিষয় সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দের সহযোগিতায় কাজ করেছেন। পাশাপাশি শিক্ষার গুনগতমান বৃদ্ধির লক্ষ্যে অধ্যক্ষ জনাব শেখ শাহ্‌রিয়ার মোহাম্মদ আন্তরিকতার সাথে কাজ করছেন।

অত্র প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আরডিএ, বগুড়া, এ পুরস্কার অর্জনে সন্তোষ প্রকাশ করেন এবং এই ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ দেন। একইসাথে ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার জন্য গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

উল্লেখ্য যে, ২০১৮ সালে এ প্রতিষ্ঠানের ০৬ জন ছাত্র-ছাত্রী ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় অনুষ্ঠিত এশিয়ান ইংলিশ অলিম্পিক্স-২০১৮ এ অংশগ্রহণ করে এবং সিটি মন্টেসরি স্কুল, উত্তর প্রদেশ, ভারত কর্তৃক আয়োজিত ৫ম International School Cricket Premier League-2018-এ অংশগ্রহণ করে। এ প্রতিষ্ঠান ২০১৯ সালে আইএসএ, দুবাই কর্তৃক আয়োজিত “ইন্টারন্যাশনাল স্কুল এ্যাওয়ার্ড” অর্জন করে এবং প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা সিটি মন্টেসরি স্কুল, উত্তর প্রদেশ, ভারত কর্তৃক আয়োজিত Confluence-2019 G Blooming Bird এ্যাওয়ার্ড অর্জন করে।

২০১৮ ও ২০১৯ সালে এ প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা Student Exchange Visit Program এর আওতায় ভারতের রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যলয়, শান্তিনিকেতন বিশ্ববিদ্যলয়, লক্ষ্মী পাতসিঙ্গানিয়া একাডেমী ও সিটি মন্টেসরি স্কুল ভ্রমণ করে। ছাত্র-ছাত্রীদের মেধাবিকাশ ও বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য এ প্রতিষ্ঠান নিরলসভাবে কাজ করে যাচ্ছে।




*ত ২৫ জুন, ২০২২ তারিখে বহুল প্রতীক্ষিত স্বপ্নের পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বর্ণাঢ্য এক আনন্দ র‍্যালির আয়োজন করে। র‍্যালিটি আরডিএ ল্যাবরেটরী স্কুল অ্যান্ড কলেজ মাঠ থেকে শুরু হয়ে একাডেমি প্রাঙ্গন প্রদক্ষিণ করে অডিটোরিয়ামে গিয়ে শেষ হয়। সকাল ১০.০০টায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বপ্নের পদ্মা সেতুর উদ্বোধন একাডেমির অডিটোরিয়ামে জায়ান্ট স্ক্রিনে সরাসরি সম্প্রচার করা হয়। এ সময় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ এবং একাডেমির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী ও আরডিএ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক ও ছাত্র-ছাত্রী অংশ নেন।*



# আরডিএ নিউজলেটার

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর সাময়িকী

www.rda.gov.bd খন্ড ২৬ । সংখ্যা ০১ । জুন ২০২২

## সম্পাদকীয়

*পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া আন্তর্জাতিক পর্যায়ে সুপরিচিত একটি জাতীয় প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান যা নিরবিচ্ছিন্নভাবে দেশের পল্লি উন্নয়নে বহুমাত্রিক কার্যক্রম পরিচালনা করে চলেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর গড়া এ প্রতিষ্ঠানটি জন্মলগ্ন থেকে এ পর্যন্ত প্রায় ছয় লক্ষ দক্ষ জনবল তৈরির পাশাপাশি ৫৪৩টি গবেষণাকর্ম ও ৪৭টি প্রায়োগিক গবেষণা প্রকল্প সম্পাদন করেছে। একাডেমির নিয়মিত কার্যক্রমের পাশাপাশি বর্তমান মহাপরিচালকের দক্ষ নেতৃত্বে গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন, দারিদ্র্যমুক্ত মডেল গ্রাম ও আরডিএ ক্যাম্পাসকেন্দ্রিক কৃষিভিত্তিক পর্যটন মডেল নিয়ে কাজ চলমান রয়েছে। বর্তমান নিউজলেটারটি একাডেমির সাম্প্রতিক কর্মকান্ডের খানিকটা তুলে ধরার প্রয়াস পেয়েছে। আশা রাখছি, সম্মানিত পাঠকবৃন্দ বাংলাদেশে পল্লি উন্নয়ন খাতে আরডিএ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে জেনে উপকৃত ও আনন্দিত হবেন।*

**- ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ**

# পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন




গত ১৯ জুন, ২০২২ তারিখে পল্লী উন্নয়ন একডেমী, বগুড়ার ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। সকাল ৯:১৫ মিনিটে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ করেন আরডিএ, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ। এসময় একাডেমির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। সকলকে সাথে নিয়ে মহাপরিচালক কেক কেটে দিবসটি স্মরণীয় করে রাখেন। এরপর মহাপরিচালকের নের্তৃত্বে সকল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে এক শোভাযাত্রা বের করা হয়, শোভাযাত্রাটি একাডেমি ক্যাম্পাস প্রদক্ষিণ করে আরডিএ অডিটোরিয়ামে গিয়ে শেষ হয়। অডিটোরিয়ামে এক আলোচনা সভায় সকলে অংশ নেন। আলোচনায় একাডেমির প্রতিষ্ঠালগ্ন থেকে আজ অবধি বিভিন্ন কর্মকান্ড, অর্জন, বিভিন্ন জনের অবদান নিয়ে স্মৃতিচারণ করা হয়। (৩০ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## আরডিএ মহাপরিচালক জনাব খলিল আহমদের কর্মজীবনে দু'বার জাতীয় শুদ্ধাচার পুরস্কার অর্জন



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী ও সমবায় মন্ত্রণালয় হতে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ ২০২১-২২ অর্থ বছরে 'সংস্থা প্রধান ক্যাটাগরিতে' জাতীয় শুদ্ধাচার পুরস্কার পেয়েছেন। ২০১৭-১৮ অর্থ বছরে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে তিনি প্রথমবার জাতীয় শুদ্ধাচার পুরস্কার পেয়েছিলেন। একজন কর্মকর্তার জন্য দ্বিতীয়বারের মতো জাতীয় শুদ্ধাচার পুরস্কার পাওয়া বিরল সম্মানের ব্যাপার। মহাপরিচালকের এই অনবদ্য অর্জনের জন্য পল্লী উন্নয়ন একাডেমী বগুড়ার সকল কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে রইল প্রাণঢালা শুভেচ্ছা ও অভিনন্দন।

সম্পাদক

**ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ,** পরিচালক

সম্পাদকীয় কমিটির সদস্যবৃন্দ

**ইঞ্জিনিয়ার শেখ সায়েম ফেরদৌস,** উপপরিচালক
**শুভাগত বাগচী,** উপপরিচালক
**মাশরুফা তানজীন,** উপপরিচালক
**সাখাওয়াত উল্লাহ,** সহকারী পরিচালক
**মো. আহসান উল্লাহ খান,** পাবলিকেশন অফিসার

আলোকচিত্র

**মো. আসাফ-উদ-দৌলা**

প্রকাশনায়

**খলিল আহমদ**
**মহাপরিচালক**
**পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।**
পোঃ আরডিএ-৫৮৪২, বগুড়া, বাংলাদেশ
ফোনঃ ৮৮০-৫১-৭৮৬০১ (পিএবিএক্স); ফ্যাক্সঃ ৮৮০-৫১-৭৮৬০৩
মোবাইল ফোন ঃ ০১৭১৩-২০০ ৯৩৭
ওয়েবঃ www.rda.gov.bd

*মুদ্রণঃ শাহেরা প্রিন্টিং প্রেস, বগুড়া।*